बी बी बांधावित्नां पत्तावां क्रमिक ।

ত্রীচমৎকার-চক্রিকা।



কালপাবমাকতার জ্রীমদদ্বৈতবংশসভূত

এবুন্দাবণ্যনিবাসি পণ্ডিতপ্রবর

এীযুক্ত রীধিকানাথ গোসামি প্রভু কর্তৃক

সম্পাদিত ও অনুবাদিত।

শংশার সিদ্ধ মতিহন্তর নিজিভীর্বো নিঞঃ প্লবো ভগ্বতঃ পুরুষোক্তমভা



্যাণা কৰা প্ৰশালিক অভৱেন ্থ্ৰী ইনুসভিবেহিকি হুলে দ্বালিভ্ড ॥

তাড়াৰ ভূপতি বৈক্ষৰ প্ৰতিপালক সম্ভক্তি সংক্ৰমক জীৱাধাকু ওনিবাসি জীৱাধাৰিলোৰ সেৰা প্ৰায়ণ প্ৰয় ভাগৰত জীগ্ত ৱাজৰি বন্ধানি নাম বাহাতবের সাহায্যে

🛧 🗐 নিভ্যস্বরূপ ত্রন্মচারি কর্তৃক প্রকাশিত।

বীরক্ষাবন ধাম। বিষদেশকীন্দ্র-(প্রসে মুক্তিত। বৃষদ ১৯৫৮। মুল্য ৮৮ খালা ব্যাহ্ন।





বিজয় বৈজয়তা

স্বরূপ এই

শ্রীচমৎকার-চন্দ্রিকা"

হ, নিখিলব্ৰছবৈষ্ণবোপজীব্য, শ্ৰীরাধাকুণ্ড-ধাবিনোদুরেবা নির্ভ হরিলীলারসার্ণব নিম্ম প্রমন্তাগ্ৰত শ্ৰীলঞ্চীযুক্ত রাজ্যি

বনমালি রায় বাহাত্রর মহাশয়ের করে

मान्द्र मर्ग्य क्रिकेट रहे

কলিপাবনাবত ক্রাইটার

ভূমিক।।

বার চক্রিকা, স্বয়ং ভগবান্ প্রীক্ষটেত অমুহাপ্রভুর কর্মণোপনীবি

ক্রিক্তা ভাষাকের অম্লা অত্যুদ্ধল রছ। এই চতু: কুত্বলামক
ক্রিকার, বিনি বে প্রকারের ব্যক্তি হউক না কেন ? মনোবোগের
ক্রিকার পাঠ করিলেই ভাঁহার, স্বদন্ত কুত্বলাক্রাপ্ত হইবে, ভাহাতে
অমুমাত্র সন্দেহ সুই। কিন্তু স্বয়ং ভগবান্ শ্রীক্ররাজনন্দনে মাহাদের নীতি
বিশেষ আছে, এবং ভাঁহার মধুররসময় পরম স্বমধুর লীলামৃত সরোবরে
বাহাদের মন ময় হইয়াছে, ভাঁহাদের এই "চমংকার চক্রিকা" জীবন সর্ক্ষ।

শ্রীকৃষ্ণ তত্ত্ব অবগত হইলে কৃষ্ণলীলার যেমন সর্বতোভাবে মুধুরত্ত্ব অনু-ভূত হয়, এইরূপ অভ্যক্তদিগেয় সম্বন্ধে কোন প্রকারে হইবার সম্ভব নাই।

সচিদানদ-ঘন-বিগ্রহ সর্বেষর সর্বশক্তিমান্ ভগবান্ ফ্লাদর্রণ ইইয়াও বে শক্তিদারা স্বরং আহ্লাদ লাভ করেন, এবং স্বীর ভক্তমণে আহ্লাদ প্রদান করেন, সেই শক্তির নাম ফ্লাদিনীশক্তি, দেই ফ্লাদিনীশক্তি স্বরুপা প্রিক্রের দেবীগণ, সচিদানলমর পরমেশ্বর ও তদীর ফ্লাদিনী শক্তিগণের পর্কারের প্রতি সপ্রেম ব্যবহারের নাম লীলা। যদিচ ভগবল্লীলা যথায়থ বোধ ভগবন্তক্ত্র পরারণ বিশুদ্ধ জনের অভিজ্ঞ প্রিক্রপাদ প্রসাদ ব্যতীত কোনরূপেই হয় না। তথাপি প্রীকৃষ্ণের প্রথম রসমনী লীলা সমূহের মণিমন্ত্র মহের বিশ্বর ভার কোন মহীন্দী শক্তি আছে, যন্থারা হালোগি ব্যক্তির মধুর রসের দীলাফুলীলনে হালোগ বিনই হয়, চমংকারচন্ত্রিকা যথন প্রথমরসের প্রীকৃষ্ণণীলার মাধুরী-বোধক উৎকৃষ্ট কাব্য, নিরন্তর প্রদার (আত্তিকা বিশাসের) সহিত অনুশীলন

তাহাতে সন্দেহ কি ? এই নিমিত আদাবান্ কর্ত্বা। কিন্তু আফাতে ও ক্লফালীলার যাহার পার্বদ হইলেও দ্র হর্তে দ্রে থাকুন, তাহার তেক্ট্রিগতম।

্রের অনীম কবিষ,অপূর্ব রসিকতা, ও সঙ্গরতা, কুনে, এতাদুশুগ্রহ রচনা করা অঞ্জের ফুংসাধ্যু, ক্রিকার অন্তক্রণে "শ্রীরাধানাধবোদর" নামক একথানি বিশিষ্ট নার পরারাদিছনে লিখিত গ্রন্থের প্রচার আছে, গ্রন্থ থানি "রাম্বর্ণনান বংশ ভ্রণ.পরম প্রতিত মহাকবি ৮ শ্রীপাদ রঘুননান গোসামি মহাশরের রচিত বলিয়া প্রামিদ্ধ, "রাধানাধবোদরে অল্লীলতা বিরুদ্ধ সিনাস্ত ওক্র্যাভাষ, যে পরিমানে লক্ষিত হয়, তাহাতে যে লেখনীর মুখ হইতে "রামর্যায়ন" নিঃস্ত হইয়াছেন, সেই লেখুনী প্রস্ত বলিয়া "রাধানাধবোদর" কোনরূপে বোধ হয় না, যাহা হউক আমরা এক্ষণে বক্ষভাষায় অন্তবাদ করিয়া "চমৎকার চন্দ্রিকা" প্রকাশ করিলাম, যদিচ সংস্কৃত মূলগ্রন্থে যেরূপ শব্দ ক্রেম্ব ও ধ্বনি ধরস্তর থাকে, ভাষাস্তরিত হইল্পে সেইরূপ থাকিবার সন্তাবনা নাই, তথাপি যতদ্র সন্তব, শ্লেষাদি রক্ষা করিতে চেটা করিয়াছি, এবং মূল, চমৎকার চন্দ্রিকার কোন টীকা নাই এই জন্ত একটী অয়য় মূথে ব্যাখ্যা করিয়া সংক্রিপ্ত টীকা সহ মূলগ্রন্থ প্রকাশ করা হইতেছে।

পরিশেষে হর্ষের সহিত স্থীকার করিতেছি, আট টীকাসহ প্রীমন্তাগবত প্রকাশক এবং প্রীবৃন্ধাবনস্থ দেবকীনন্দন প্রেসের সম্বাধিকারী প্রীভগবন্তক্তি পরায়ণ প্রীশান্তিপুর নিবাসি বারেক্র বিপ্র প্রীল্পীযুক্ত নিতাম্বরূপ ব্রহ্মচারি মহাশরের আগ্রহে এবং প্রীল্পীযুক্ত রাজর্ষি বনমালী রায় বাহাহর মহাশরের ব্যয়ে চমংকার চক্রিকা মুদ্রিত ভাষান্তরিত হইল। সাধারণ লোকে অনায়াসে ক্রেয় করিয়া পাঠ করিতে পারিবেন, বলিয়া অতি অল্প মূল্য ১০ তিন আনা মাত্র নির্দ্ধারিত করা হইল। ১৮ই আশ্বিন, শকাকাঃ ১৮২১।

> শ্রীরাধিকানাথ শর্মা। শ্রীরন্দাবন, কেশীঘাট।

, প্রীকৃষ্ণ চৈত্রগুচন্দ্র:।

ত্রীচমৎকার চন্দ্রিকা।

---:*::---

প্রথম কুতূহল।

•यत् कारूपयं युचिरस-चमत्कार-वारां निर्धास्ता श्रुक्ष्यो राधा-गिरिवर-भृतोः स्पर्शये त्तर्शयेनः। तस्यैवैकं पृषतमचिरालुब्धुमाशाक्षिदानैः

सोऽज्यात् नमृत्योर्दर्शन विततेः कृष्ण-चैतन्यरूपः।

হার করুণা,মনুষ্যদিগকে শ্রীরাধা গিরিবর্ধরের শুচিরসরূপ চমৎকার সাগর স্পর্শ করাইয়া থাকে, অর্থাৎ যাঁহার করুণা হইলে মনুষ্যের মন, শ্রীরাধাকৃষ্ণ সম্বন্ধীয় অপার ও অগাধ শৃঙ্গার-রস-সাগর স্পর্শ করে, এবং তমিমিত্ত

তৃষ্ণাত্র হয়, অর্থাৎ জল-পিপাস্থ ব্যক্তি যেমন জলের নিমিত্ত ব্যাকুল হয়, এইরূপ যদীয় করুণা-লব্ধ-ব্যক্তিগণ, জীরাধা কৃষ্ণের উজ্জ্বল রসময়ী লীলা প্রবণাদি-নিমিত্ত ব্যাকুল হয়. সেই স্বয়ং ভগবান জীকুফচৈত্ত দেব, উজ্জ্বল, রসরূপ চমৎকার সাগরের একবিন্দু লাভ করিবার নিমিত্ত আশা নয়ন দানে, মৃত্যু-নক্রের দশন বিত্তি হইতে আমাদিগাক রক্ষা ক্রুনু।

এক দিন প্রাতঃকালে শ্রীব্রজরাজ-মহিষী, একটি পেটিকার মধ্যে বস্তাদি নানাবিধ বিলাসের দ্রব্য রক্ষা করিতেছেন, এমন সময় শ্রীকৃষ্ণ, আগমনাধুর্বক জিজাসা করিলেন—হে মাতঃ! প্রাতঃকালে আপনি কি করিতেছেন ?

জননী কহিলেন—বৎস! একটি পেটিকা সাজাইতিছি,
কৃষ্ণ কহিলেন। জননি! যত্নপূৰ্মক এই পেটিকার মধ্যে
কি রাখিতেছেন ?

জননী। হে পুত্র ! তোমার তাহা শুনিয়া প্রয়োজন কি ? তুমি তোমার প্রণয়ি-শিশুগণের সহিত গৃহের বাহিরে গিয়া থেলা কর।

কৃষ্ণ কহিলেন। হে জননি! আমার বড়ই জানিতে ইচ্ছা হইয়াছে, আপনার বলিতে হইবে, যদি না বলেন,তাহা হইলে পেটিকা আমি লইয়া যাইব ?

জননী কহিলেন—বংশ! এই পেটিকার মধ্যে অঙ্গামু-লেপনের নিমিত্ত চন্দন কর্পূর পদ্ম-পরাগ মৃগনাভি ও কুঙ্কুম নিহিত করিলাম, এবং বেষের নিমিত্ত কাঞ্চী-কুণ্ডল কঙ্কন এবং অনুপম বৈছুর্য্য মণি হরিশাণি মুক্তা এবং পরিধেয় বহুষুল্য বসন সমূহ নিহিত করিলাম।

শ্রীকৃষ্ণ কহিলেন—হে মাতঃ ! এই পেটিকার মধ্যে যাহ যাহা রক্ষা করিলেন, ইহা কি আমার জন্ম ? কিম্বা বল ন্রামের জন্ম ?

জননী কহিলেন—হে নন্দন! বলিতেছি প্রবণ কর যে পেটিকা তোমার জন্ম প্রস্তুত করাইয়াছি, তাহা ইহ অপেক্রা অনেক ১ড়, এবং বর্জ্মূল্য মণি ও বসন তাহাতে রাঝিয়াছি, সেইরপ বল্বামের জন্ম আরুও একটা প্রস্তুত করা-ইয়াছি। শীকৃষ্ণ কহিলেন—হে জননি ! যদি আপনি এই পেটিকা' আমার জন্ম বা আমার অএজের জন্ম প্রস্তুত করিতেছেন না, তবে কাহার জন্ম, প্রস্তুত করিতেছেন, এতাদৃশ স্নেহ-ভাজন আপনার কে ?

জননী কহিলেন—হে বৎদ! হে ব্রজপুরালস্কার!
হে পুত্র! আমার পুণ্য তপঃফলে বিধি, আমার প্রাণ রন্ধার
নিমিত্ত, তোমাকে আমায় যেমন প্রদান করিয়াছেন—এইরপ
আমার প্রাণরক্ষার ঔনধি-স্বরূপ এক কন্যা, এই গোকুলে
আছে, দে আমার তাপিত নয়নের কর্পূর্বর্ত্তি, তাহার বসন ভূষণ
রাখিবার জন্য, আমি এই পেটিকা প্রস্তুত করাইয়াছি, হে বৎদ!
দোল্বন্ধা, স্থানিতা, সরলতা, বিনয়িতা প্রভৃতি বিধাতা, যে সকল
রমণীগণের গুণ স্থান্তি করিয়াছেন, দেই গুণগণ, যাহাকে আশ্রেয়
করিয়া মহত্ব প্রাপ্ত হইয়াছে; অর্থাৎ গুণগণ, যে মানবে আশ্রেয়
করে, তাহাকেই মহৎ করিয়া থাকে, কিন্তু এই কন্যাকে
আশ্রেয় করিয়া গুণগণ স্বয়ং মহৎ হইয়াছে, ইহাই আশ্চর্য্য !!!
দে কন্মীর নাম 'শ্রীরাধা" তাহাতে আমার স্বাভাবিক
স্বেহ।

শ্রীকৃষ্ণ জননী-মুখে শ্রীরাধার গুণ ও নাম শুনিয়া উৎপুলকিত গাত্র বস্ত্রদারা আচ্ছাদন করিলেন। পুনরায় অত্যোৎস্থক্য ভরে, জিজ্ঞাসা করিলেন, হে জননি ! সে কন্যা কে ?
কাহার তনয়া, কোথায় আছে ? কি জিন্মই বা আপনার
তাহাতে এত সেহ ? এই সকল বিষয় আধাকে বলুন।

জননী কহিলেন—হে বৎস!, প্রবণ কর, আমার ভিনিনী কীর্তিশার কুলি-খান হইতে অনুষ্ ও অতুল এই কন্তা-• রত্ন উদ্ভূত হইয়া প্রভার তরঙ্গ দ্বারা ব্যভানুকে উজ্জ্বল করিয়াছে; অর্থাৎ ভানুকান্তিদ্বারা অন্য রত্ন উজ্জ্বল হয়, আর এই কন্যারত্বের কান্তিদ্বারা ব্যভানু (জৈছে মাদের সূর্যা) (ও ব্যভানু নায়ে গোপরাজ) উজ্জ্বল হইয়াছেন। এবং এই কন্যা, যেন ব্যভানুর মূর্ত্তিমৎ তপঃ, সে পত্তি গৃহে আছে, সম্প্রতি তাহার পতি, আমাদের গৃহে আদিয়াছে, কোন গৃহ কার্যের নিমিত্ত গোষ্ঠরাজের নিকট বাহিরে আছে, যখন আমাকে দেখিতে অন্তঃপুরে আদিবে, তখনই আমি তাহাকে প্রীতিঃ সহকারে মিষ্ট বচনে কহিব—হে অভিমন্যো! তুমি এই পেটিকা স্বয়ং বহন করিয়া নিজ গৃহে রাধাকে অর্পণ করিও।

প্রমন সময় লবঙ্গবল্লী নামে দাসী নিকটে আসিয়া কহিলেন—হে গোষ্ঠ-রাজ্ঞি! আপনি যাহাদিগকে আহ্বান করিয়াছেন, সেই রঙ্গন ও টঙ্কন নামক স্বর্ণকার যুগল আসিয়া উপস্থিত
ইইয়াছে। এই বাক্য প্রবণ করিয়া স্রমুখী-যশোদা, ধনিষ্ঠাকে
কহিলেন, "হে ধনিষ্ঠে! আমি ক্ষেত্র কীরীট কুণুল পদাঙ্গদ
প্রভৃতি অলঙ্কার নির্মাণ করিতে দিবার জন্ম বাহিরে চলিলাম,
তুমি এই পেটিকা গৃহ মধ্যে রাখিও" এই কথা বলিয়াই ব্রজেশ্বরী, গমন করিলে, স্থবল প্রভৃতি নর্ম্ম স্থাগণ, আগমন করিলেন, শ্রিক্ষ, তাহাদের সহিত পরমানন্দ সহকারে মন্ত্রণা করিয়া
রহঃস্থানে পেটিকা উদ্বাটন পূর্বক তাহা হইতে সমস্ত বসন
ভূষণ বাহির করিয়া ধনিষ্ঠার হস্তে প্রদান করিলেন; এবং স্বয়ং
পেটিকা মধ্যে প্রবেশ করিয়া স্থবলাদি মিত্রবৃন্দ্রারা পূর্ববৎ
মুদ্রিত করাইলেন। স্কণকাল প্রে শ্রীব্রজেশ্বরী, আগমন

করিলে অভিমন্ত্য তাঁহাকে প্রণাম করিবার জন্ম আগমন করিলেন! প্রীত্রজেশ্বরী, অভিমন্ত্যকে দেখিয়াই কহিলেন, হে অভিমন্তো! তোমার গৃহিণীর নিমিত্ত মণিমণ্ডনে পূর্ণ একটি পেটিকা প্রস্তুত করিয়া রাখিয়াছি, ইহাতে অনুর্য্যণি ও কাঞ্চন- মালা প্রভৃতি অলঙ্কার, ও নানাবিধ বসন, ও কন্তুরিকা প্রভৃতি অনুলেপন, স্তরে স্তরে বিদ্যান আছে, আমি অন্য কাহাকে বিশ্বায় করি না, এই জন্ম ভূমি স্বরুণ লইয়া গিয়া নিভূতে প্রীরাধিকাকে অর্পণ করিও, এবং এই সমানের বলিও—''হে মদক্ষি-স্থাদে! হে কীর্ত্তিদা-কিন্তি দি! হে রাধে! প্রেমিত পেটিকান্তর্গত অনুস্কুল জ্যোতিঃ— তদীয় প্রিয় সামগ্রীর দ্বারা ভূমি শৃঙ্গারবতী হইও, এবং সোভাগ্য লাভ করিয়া চির্ম জীবিতা হইও।''

ইহা প্রবণ করিয়াই অভিমন্তা কহিলেন—হে ব্রজেশর ! আপনার যাহা আজ্ঞা আমি তাহাই প্রতি পালন করিব, ইহা বলিয়াই মস্তকে পেটিকা স্থাপন পূর্বক অভিমন্তা প্রীতিবশক্তঃ স্বভবনে গমন করিতে উদ্যত হইলেন, শ্রীকৃষ্ণ, অভিমন্তার মস্তকে আরোহণ পূর্বক তন্তার্যা নিজ প্রিয়া শ্রীরাধিকার সমীপে অভিসারী হইয়া আপনাকে কেভিকান্ধি মধ্যে নিক্ষেপ করিয়া মৃত্র মৃত্র হাঁদিতে লাগিলেন।

সেই নির্বাদ্ধি গোপ অভিমন্ত্য, মনে মনে কহিতে লাগি-লেন, আমি অদ্য ধন্ম হইলাম, কুতার্থ হইলাম, যেহেতু ভারে অনুমান হইতেছে, এই গেটিকার মধ্যে তুর্লভ স্বর্ণের রাশি আছে, ইহা দ্বারা কোটি গোঁ ক্রয় ক্রিব, ভাহা হইলে গোব-রূন মল্লেক ন্থায় আমার গৃহে কমলা আলা হইবেন, এই প্রকার ভাবিতে ভাবিতে গোষ্ঠাধীশ-পুর হইতে নিজ নিলয়-নিকট স্থান পর্যান্ত পুলকিত কলেবরে এবং প্রীতিবশতঃ সজল নয়নে আনন্দাসুভব করিতে করিতে আদিতে লাগিলেন। এবং তাদৃশভার মস্তকের উপরি থাকিলেও ক্ষণকালের জন্ম কোন প্রকার য়ানি অসুভব করিতে পারেন নাই, তাহা না পারিবারই কথা; যেহেতু পূর্ণানন্দ ঘন বস্তু বহন করিয়া কি কাহারও কোন শ্রম অসুভব হয় ? অভিমন্তু গৃহে গমন করিয়া নিজ জননী জটিলাকে বলিলেন—হে মাতঃ! অদ্য শুভক্ষণে গৃহ হইতে বাহির হইয়াছিলাম, ভরিমিত্ত কাঞ্চন এবং মণি নির্মিত ভূষণ ও বসনাদিতে পূর্ণ এই পেটিকা ভাগ্যক্রমে লাভ করিয়াছি। হে জননি! শ্রীব্রজেশ্বরী, তোমার সুষার প্রতি অপ্রতীম প্রসাদ বিতরণ করিয়াছেন,এই পেটিকা স্বয়ং ব্রজেশ্বরীই প্রদান করিয়া তোমার বধুকে মোথিক একটি সমাচার জানাইয়াছেন—

"হে মদক্ষি-স্থাদে! হে কীর্ত্তিদা-কীর্ত্তিদে! হে রাধে! প্রেষিত প্রেটিকান্তর্গত অত্যুজ্জ্বল জ্যোতিঃ—তদীয় প্রিয় সাম-গ্রীর দ্বারা তুমি শৃঙ্গারবতী হইও, এবং সোভাগ্য লভি করিয়া চির জীবিতা হইও।"

এই বাক্য শ্রবণে পরমাহলাদ লাভ করিয়া জটিলা মনে মনে কহিতে লাগিলেন, অদ্য ভাগ্যক্রমে বড়ই ভাল হইল, যেহেতু এই উপকার লাভ করিয়া বধু, আমার পুত্রের প্রতি অতি অপ্রসমা হইবে; পরে প্রকাশ্যে হাঁদিতে হাঁদিতে বলিলেন, হে পুত্র! বই অতিভার পেটিকা আমি এবং বধু ও তোমার ভগিনী, এখান হইতে উঠাইতে সমর্থা হইব না, অতএব ভুমি স্বয়ং এখান হইতে উঠাইয়া র্যভাত্র পুত্রীর

শায়ন গৃহস্থিত বেদিকার উপরি রাখিয়া আইস, তাহা হইলে র্যভান্থ-পুত্রী, অনায়াসে এই পেটিকা উদ্বাটন পুর্বক নিজ প্রির-সামগ্রী দেখিতে পারিবে। জননীর আজ্ঞান্মুসারে শ্রীরাধিকার শ্যা-গৃহে যৎকালে পেটিকা বহন করিয়া অভিমন্তা যাইতেছেন, সেই সময় অভিমন্তার মন্তকস্থিত পোটিকা বিলোকন করিয়া ললিতাদি সহচরীকুল আনন্দে সকুল হইলেন, এবং শ্রীরাধিকার বামনয়ন, বামরাহু, বাম ন্তন, মুহুমূহ্ স্পান্দিত হইতে লাগিল, তরিমিত্ত হর্ষবশতঃ শ্রীরাধা ললিতাকে কহিলেন, হে আলি! অতি হুঃখময় শ্রশ্রন প্র মধ্যে অকারণ কেন আমার বামবাহু, বামন্তন, ও বাম নয়ন নাচিতেছে? ইহার ফল এখানে লাভ হইবার কোন-রূপে সম্ভব নাই?

ললিতা কহিলেন, জীরাধে। আমার মনে লইতেছে, স্বয়ং ব্রজেশ্বরী প্রদন্ত এই পেটিকার মধ্যে মনোহর * মণীন্দ্র-ভূষণ আছে, তোমার নয়নাদি স্পান্দন, তৎপ্রাপ্তিরূপ শুভ সূচনা করিতেছে, হে স্থি! এই স্পান্দন, সোভাগ্যের পরাব্ধি লাভের হেতু।

শীরাধিকা কহিলেন—হে ললিতে! এই মঞ্ঘিকা, দেখিবানাত্র আমার মনে কি অনির্বাহনীয় ভাব সঞ্চার করিতেছে, তাহা কহিতে পারিতেছি না, গৃহ মধ্যে আদিলেই পেটিকা উদ্বাটন করিয়া দেখিব,—"ইহার মধ্যে সোভাগ্যদ কি রত্নভূষণ আছে," ! শীরাধিকা ও ললিতা পরস্পার এইরপ কথোপ্পাকথন করিতেছেন, এমন সমুয় অভিমন্থা, আগমন পূর্বক শীরীধার

^{*} মণীক্রভূষণ—মণিনিশ্বিত ভূষণ ও জীকক

শয্যার নিকট বেদীর উপরি পেটিকা রাখিয়া প্রস্থান করিলেন। তদনন্তর সকল স্থা, অত্যোংস্ক্রেল্ডাং পেটিকার
মধ্যে কি আছে, তাহা দেখিবার জন্ম পেটিকার চতুর্দিকে
দাড়াইলে শ্রীরাধিকা স্বয়ং পেটিকা উদ্ঘাটন করিতে প্রস্তু
হইলেন, পেটিকার ডালা উদ্ঘাটন করিবা মাত্র, বসন ভূষণ
অনুলেপনের পরিবর্ত্তে শ্রীকৃষ্ণ, বাহির হইয়া দাঁড়াইলেন,
তাহা দেখিয়া পেটিকার চতুর্দ্দিকস্থিত স্থাগণ "অহহ !!! একি
গো !!!" বলিয়া হস্তে তালি দিয়া হাঁগিতে লাগিলেন, এবং
তাঁহাদের অনারত অঙ্গ, অনঙ্গ নক্রে গ্রাস করিলে,এবং নিদ্রিত
লক্ষ্ণা-সহচরী জাগিয়া উঠিলে, ও শত শত পরমানন্দ লহরীর
অন্থাথিত হইলে, এবং অতিসন্ত্রম পুক্ত হইলে, কলানিধি
শ্রীকৃষ্ণচন্দ্র, লঘুগতি-ভঙ্গী প্রকাশিয়া সকলের বদন চুম্বন
করিলেন।

তদনন্তর ললিতা জীরাধিকাকে কহিলেন, হে রাধে!

যে ভ্বল আদিয়াছে, ইহা ধন্য, এবং যে আনিয়াছে, দেই
তোমার গৃহপতিও ধন্য, এবং যিনি স্নেহ করিয়া প্রেরণ করিয়াছেন, দেই গোষ্ঠমহেশ্বরীও ধন্যা, এবং "হে রাধে! আমি
যাহা প্রেরণ করিলাম, ইহাদ্বারা তুমি শৃঙ্গারবতী হইও" ব্রজেশ্বরীর এই সন্দেশ বাণীও ধন্যা, এবং যাহাতে এই মঞ্জুবিকা
ধেলা করিতেছে, দেই এই গৃহ ধন্য, হে আলি! জীরাধে!
জীগোষ্ঠেশ্বরী, তোমাকে আজ্ঞা করিয়াছেন "আমি যাহা
পাঠাইলাম তাহা খারা তুমি শৃলারবতী হইও" তোমার পতি
ও শাশুরী ও তাহাই কহিয়াছেন, অত্রেব হে গৃন্ধবিকে!
গুরু-রেয়ের আজ্ঞা প্রতিপালন করিয়া নিজের ধর্মশীলতা

শুধাপন কর, অর্থাৎ পেটিকার প্রেনিত মণীন্দ্র-ভূষণছার।
শৃদারবর্তী হইরা, গুরুত্তরের আজ্ঞা প্রতিপালন কর" ললিতার
এই যাকা শ্রুবণ করিরা শ্রীরাধিকা লচ্ছিতা হইলেন বটে, কিন্তু
কিছুক্ষণ পরে কিঞ্চিৎ হাঁদিয়া কহিলেন, হে ললিতে ! অজেখনী,
এই পেটিকার মধ্যে আমাকে যত বসন ভূষণ দিয়াছিলেন, তাহ।
ইরি করিয়া কোন স্থানে রাখিয়া এক ধূর্ত্ত চৌর, মঞ্চিকার
মধ্যে প্রবিষ্ট হইয়া রহিয়াছে, এই কথা জানাইয়া আর্য্যা
জটিলাকে এখানে আনয়ন কর।

অনন্তর শ্রীকৃষ্ণে লবিতা কহিলেন—হে রাষাতিসারিন্! হে অতিমন্মবাহিন্! অর্থাৎ তুমি অতিমন্মর মন্তকে আরোহণ করিয়া তাহার পত্নী রাষিকার নিকট অতিসারী হইয়া কিতিতল সতী শূন্য করিতে অতিলাধী হইয়াছ কি ? যাহা হউক এখন যে সকল পেটিকান্তর্কার্তি-রত্বাভরণ চুরি করিয়াছ, তাহা শীঘ্র প্রদান কর, নচেৎ আর্যাকে এখানে আনয়ন করিয়া তোমার কীর্তিকলাপ দেখাইব ?

শ্রিকৃষ্ণ কঁছিলেন—হে ললিতে! তোৰার দখী রাধা অত্যন্তধূর্তা এবং নিজ কার্ব্য দাখিতে বড়ই নিপুণা, আমি কোতুকার্থ
সম্প্রিকার মধ্যে প্রবিষ্ঠ ইইরাছিলান, তোনার সখী, পত্তি
প্রেরণ করিয়া বলপূর্বক মন্ত্র্বিকাশহ আমাকে বহন করাইয়া
আনিয়া একণে অবহিষা অবলয়ন করিয়াছে, তাহার পর
হাঁদিতে হাঁদিতে শ্রীরাধিকাকে কহিলেন, "হে রাষে! আমি
এই পেটিকার সোরভ অনুভব করিয়া তদস্কর্তি দ্রব্য মুস্হ
ধনিষ্ঠার মারা তোমার নিক্ট প্রেরণ করিয়া প্রীতিবশতঃ মন্ত্র্বির মধ্যে আপনাকে হুগন্ধি করিবার জন্য প্রবিষ্ঠ হুইয়া-

ছিলাম, এমন সময় দৈব ক্রমে তোমার পতি, আমাকে আনয়ন করিয়াছে," এই কথা শ্রীরাধিকাকে কহিয়া সখীরুদ্দকে কহিলেন, "হে সখীগণ! আমি তোমাদের নিকট ও বিষয়ের অভিযোগ উপস্থিত করিলাম, তোমরা বিচার কর, যদি শ্রীরাধিকার দোষ হয়, তবে আমি শ্রীরাধিকাকে দণ্ড করিব, আর যদি আমার দোষ হয়, তাহা হইলে তোমাদের প্রত্যেকের বাহুরুপ্রস্থানে বন্ধ হইয়া, এখানে ত্রিরাত্র ছঃখের সহিত বাস করিব"।

यस्यैवं विभवेन तश्चव युवद्वन्द्वं स्फुरत् यौवनं सख्य स्वाक्ष-चकोरिकाः शरततिं कामो रसः खादनां।

ध्यानं भक्तततिः सदा कविकुलं खीया विचित्रा गिरः

·O:*:O-

की सिं क्षमा भुवनेषु साधु सफली चके नुमस्तं परं।

যাহাদের এই প্রকার বৈভব দ্বারা স্থীকুল নয়নচকোরে, কাম নিজ শরসমূহে, রস আস্বাদনে, ভক্তরুল ধ্যানে, কবি-কুল নিজ নিজ বিচিত্র বচনে, পৃথিবী, কীর্ত্তি সফল করি-তেছেন, সেই পরাৎপর বস্তু ব্রজের নব্যুব যুগলে (প্রীরাধা-কুষ্ণে) স্তুতি করি।

ইতি প্রথম কুতুহল সমাপ্ত।

শ্রীচমৎকার চন্দ্রিক।।

---0:*:0---

দ্বিতীয় কুতৃহল।

একবার মাঘ মাদে জ্রীরাধিকা, নিয়ম করিয়া প্রাতঃসান করিতে আরম্ভ করিলেন, প্রতি দিন শেষ রজনীতে জাগ-রণ করিয়া স্থীসঙ্গে যমুনাবগাহন করিতে গমন করেন, তাহাতে কুটিলার মনে সন্দেহ হইল। এক দিন প্রীরাধিকা শেষ যামিনীতে যেমন দখী দঙ্গে স্নান করিতে গমন করিলেন. তাহার পরক্ষণেই কুটিলা, কোন ছল করিয়া শ্রীব্রজেন্দ্রভবনে শ্রীকৃষ্ণে বিলোকন করিতে যাইল, এবং কোন গৃহজনের নিকট শ্রীকুষ্ণের বার্ত্তা জিজ্ঞাসা করায়, তিনি কহিলেন, আমাদের গোষ্ঠ যুবরাজ নিজ জননীর আজ্ঞামুসারে প্রাতঃস্নান করিতে যমুনায় গমূন করিয়াছেন, ইহা শুনিয়াই কুটিলার হৃদয়ে সন্দে-হের রৃদ্ধি আরও অধিক হইল, তথন যমুনার কোন্ ঘাটে শ্রীকৃষ্ণ স্নান করিতে গিয়াছেন, তাহা না জানায়, শ্রীকৃষ্ণের অসাধারণ পদচিহু দারা পথ নির্ণয় করিতে করিতে যাইতে লাগিল, ক্রমে যে নিকুঞ্জে শ্রীরাধাসহ শ্রীকৃষ্ণ বিলাস করি-তেছেন, তাহার নিকটবর্তিনী হইল, তাহা দেখিয়া তুলসীনাস্বী শ্রীরাধার প্রিয় কিঙ্করী, সভয়ে কুঞ্জে প্রবেশ করিয়া দেখিলেন,— ঁশ্রীরাধা ললিতাদি স্থীমণ্ডক্টে পরিবৃতা ক্ইয়া প্রিয়ত্তমের সহিত-হাস-বিলাস লীলায় নিমগ্ন হইয়াছেন, তাহাতে যেমন नित्रिक्षात्र योनन्त्रनां कतिरातन, अहेत्रल कूरिनांत निकरि

উপস্থিতি নিমিত অত্যন্ত তুঃখ পাইয়া কহিলেন—ভোঃ ভোঃ! ব্রেজদেবীগণ! আমি অদ্য কুস্থম ধনুর অতি অভাগ্য জানাইবার জন্ম, যাহা নিবেদন করিতেছি, তাহা তোমগ্না সম্প্রতি প্রবণ কর, ''গ্রীকৃষ্ণে দেখিবার জন্ম, ব্রেজ হইতে ক্রুতগমনে কুটিলা এখানে আদিতেছে?

ইহা শ্রবণ মাত্রেই আলীমগুলী, কোথায় কোথায়, বলিয়ী সশক্ষনেত্রে প্রতিদিগ্ভাগে বিলোকন করিতে লাগিলেন।

তুলদী কহিলেন—আমি কুটিলাকে ষ্টী করাটবীর (ষ্টি ঘরার বনের) নিকট দেখিয়া আসিয়াছি, বোধ করি এতক্ষণ এ হলের নিকটবর্ত্তিনী হইয়া থাকিবে;ইহা প্রবণ করিয়া শ্রীকৃষ্ণ কহিলেন, "হে আলিগণ! তোমরা ভয় করিওনা এই কুঞ্জেতে ক্ষণকাল থাকিয়া উদর্ক বিলোকন কর, আমি এখান হইতে চলিয়া গিয়া অভিমন্ত্য বেষ ধারণ পূর্বক, প্রতিভার দারা কুটি-লাকে বঞ্চনা করিয়া ইহার অপেক্ষা অধিকতর কুতূহল বিধান করিব," ইহা বলিয়া কোন নির্জ্জন স্থলে প্রবেশ পূর্ব্বক বন-দেবী রুন্দার নিকট অভিমন্যু বেষোপযোগি দার্মগ্রী গ্রহণ করিলেন, তাহা দ্বারা স্বচিহ্ন সমূহ আচ্ছাদনপূর্বক অভিম্মুর ন্তায় কণ্ঠস্বর আশ্রয় করিয়া কুটিলা যে পথে আসিতেছে, সেই পথে চলিলেন, যদি কেহ কছেন শ্রীকৃষ্ণ সে পথ কি প্রকারে অবগত হইলেন ? তিনি কি জানেন না ? কোন নানাকলা কোবিদ ব্যক্তি, নিজ কার্য্যে অবিচক্ষণ হয় ? কিয়দ্র যাই-য়াই কুটিলার সহিত সাক্ষাৎ হইলে কলানিধি নাগর জিজ্ঞাস। ক্ষিলেন, হে ভগিনি কুটিলে! কি জন্ম এ সময় এজ হইতে আদিতেছ ?

কুটিলা কহিল। হে অগ্রজ ! বধূকে অম্বেষণ করিতে, প্রীকৃষ্ণ কহিলেন। সে কোথার আসিয়াছে ?

কুটিলা কহিল ৷ যমুনায় মক্রস্নান ছলে আসিয়া ইহার নধ্যে কোন স্থানে আছে,—

শ্রীকৃষ্ণ কহিলেন। সেই রমণী-চোর কোথায়?

কুটিলা কহিল। সেও স্নান করিতে আসিয়াছে, এই জন্ম জননী আমাকে ইহাদের চরিত্র জানিতে প্রেরণ করিয়াছেন, এখন কি করিব, তাহা আজ্ঞা কর।

শ্রীকৃষ্ণ কহিলেন। হে ভগিনি! অদ্য আমার একটি নবীনর্য, হলে যোজনা করায় হলচ্যুত হইয়া কোথার পলাইয়া
গিয়াছে, আমি অস্থেষণ করিবার জন্য এই দিকে আসিয়াছি,
আমার নবীন ব্র্য হারাইয়া গেল, তাহাতে হৃদয়ে অতি অক্সমাত্রে ব্যথা লাগিয়াছে,কিন্তু রমণী-চোরের আমার পত্নীর প্রতি
লম্পটতায় যে দারুণ ব্যথা হৃদয়ে লাগিল, তাহা সন্থ করিতে
পারিতেছি না, এখান হইতে মথুরা নগরীতে কংস ভূপতির
নিকট গিরা লম্পটকে তছ্চিত ফল প্রদান করিতে হইল। হে
বৃদ্ধিমতি! ভগিনি! প্রথমতঃ একটি যুক্তি শ্রবণ কর, এই কুঞ্জে
আমি লুকাইয়া থাকি, তুমি ইতন্তত রাধিকাকে অস্বেষণ কর,
যদি সে কৃষ্ণ বিনা একাকিনী থাকে, তাহা হইলে ছল করিয়া
এই কুঞ্জে আনয়ন কর, আর যদি কৃষ্ণের নিকটে থাকে, তাহা
হইলে আমাকে লইয়া যাইও, আমি দূর হইতে তাহাদের
আম্যধর্ম্ম বিলোকন করিব।

এই কথা শ্রবণ করিয়াই কুটিলা, কালীয়-ব্রদ-তট স্ইতে প্রতি কুঞ্জ দেখিতে দৈখিতে কেশিতীর্থ নিকটে পুস্পোদ্যানে আসিয়া অমল পরিমলশালিনী, এবং স্থী-নিষ্টেবিতা, কীর্তিদার কীর্ত্তিবল্লী-শ্রীরাধিকাকে অবলোকন করিল।

শ্রীনলিতাদেবী, কুটিলাকে দেখিয়া জিজ্ঞাসা করিলেন— হে কুটিলে! তুমি কি সান করিতে আসিয়াছ ?

कृषिना किहत-ना।

ললিতা। তবে কি জন্য?

কুটিলা। তোমাদের চরিত্র জানিবার জন্য এখানে আদি-লাম।

ললিতা। তাহা কি জানিয়াছ ?

কুটিলা। ললিতে! নিজ মুখে বল,

ললিতা। বলিতেছি, শুন-

কুটিলা। তোমাদের আর বলিতে হইবে না, হরিগন্ধ সকল বলিয়া দিতেছে।

এই কথা প্রবণ করিয়া ললিতা ছল করিয়া হরি শব্দের দিংহ অর্থ গ্রহণ করিয়া কহিলেন—কুটিলে! যদি তুমি দিংহের গন্ধ পাইয়া থাক, তাহা হইলে অবশ্যই কোন স্থানে দিংহ লুকাইয়া আছে, আমরা মুগ্ধা অবলা, বড়ই ভীত হইলাম, এখন এখান হইতে পলায়ন করিয়া শীঘ্র শীঘ্রই গৃহে যাই, তুমি আমাদের প্রতি বড়ই স্নেহের কার্য্য করিলে?

কুটিলা ইহা শুনিয়াই ক্রোধে যেন ছলিয়া উঠিয়া কহিতে লাগিল—অয়ি ! ধর্মবতি ! সতীগণ ! তোমরা এই কাননে নিজ কীঠি বিরচিত করিয়া পরে গৃহে যাইও, কিন্তু সম্মুখস্থিত কদম্ব কুঞ্জের স্থার উদ্বাটন কর, ইহার অভ্যন্তর আমি দেখিব।

ললিতা হাঁসিতে হাঁসিতে কহিলেন—কুটিলে! কোন

বনদেবতা,নিজ বসতি-নিকুঞ্জ-গৃহের শর-শলাকা-নির্শ্নিত-কপাট যুগল দারা, দার রোধ করিয়া কোথায় গমন করিয়াছেন; অতএব এই নীপ্ত-নিকুঞ্জের দার উদ্ঘাটন করা আমার সাধ্য-নাই, যে হেছু এতাদৃশ সাহসবতী রমণী ক্লে আছে? যে, প্রগৃহের দার উদ্ঘাটন করিয়া অশেষ দোষ গ্রহণ করিবে?

कृषिना ताथाक्रण नग्नत कहित्व नाशिन-"निवि ! তুমি সত্য সত্যই মুগ্ধা কুলবালা, এই জন্য এ জন্মের মধ্যে পরগৃহে একদিন প্রবেশ কর নাই, কিন্তু নিজগৃহে পরে প্রবেশ করাইতে ভালরূপে জান, এবং স্বসদৃশী অন্য মুগ্ধা কুলবালাদিগকে যে শাস্ত্রে পরে নিজগৃহে প্রবেশ করাইতে বিধি আছে, সেই শাস্ত্র অধ্যাপনার্থ আচার্য্যা রূপে অব-তীর্ণা হইয়াছ" ইহা বলিয়াই দ্রুতবেগে কুঞ্জকুটীর নিকল্টে গমন করিয়া পদাঘাতে শর-শলাকা-নির্মিত-পুষ্প কপটিকা ভাঙ্গিয়া, অভ্যস্তরে প্রবেশ করিয়া কুন্থম-শয্যার উপরি যে ক্রুটিত শ্রীকুফ্টের মাল্য ও শ্রীরাধিকার ছিন্ন মুক্তাহার বিদ্যুমান ছিল, তাতাে গ্রহণ করিয়া বাহিরে আসিয়া ললিতাকে দেখাইয়া কহিতে লাগিল—"ললিতে! তোমাদের যথাবিধি মাঘ স্নান कता हरेगारह, यरथके भूगा मक्ष्य हरेगारह, अवर हरामाता পিতৃকুল ওশশুর কুল পবিত্র হইয়াছে,রবিতনয়া-তীরে যথাবিধি রবিপূজাও হইয়াছে, এখন তোমরা গৃহে যাও, এখানে দিবা-নিশি কি ধর্ম করিতে অভিলাষিণী হইয়াছ? আমাকে বল, শুনিতে কর্ণ বড়ই উৎকণ্ঠিত হইয়াছে।

কৃটিলার এই প্রকার ব্যঙ্গোক্তি শ্রবণ করিয়া খাঁনাচন্দ্র মুখী জীরাধা, কিঞ্চিৎ অধীরা হইয়া কহিলেন, কুটিলে! কি জন্ত সুমি অনর্থক কোপ করিতেছ ? এ হার আমার নহে, তোমার লাতার শপথ করিয়া কহিতেছি, তুমি প্রদান হও, ইহা বলিয়া হুয়ার সহিত লুকুটি করিয়া হুজুল করিলেন, কুটিলা, বহুতর প্রগল্ভা স্থীসহ প্রীরাধিকাকে বিদ্যমানা দেখিয়া ভর পাইয়া দূরে অপস্ত হইয়া কহিতে লাগিল, হে কুলকলঙ্কিনীগণ! যদি ভোমাদের গৃহে না যাইতে ইছা থাকে, তবে এই বিপিনে থাকিয়া রাজ্য কর, কিস্তু আমি চলিলাম, আমার জননী এবং ভগবতী পোর্থমাসীকে এই হার ও মাল্য দেখাইয়া ভোমাদের সমুচিত শান্তি প্রদান করিব।

গ্ৰীরাষা কহিলেন—কৃটিলে যেখানে মন যার, সেখানে তুমি চলিয়া যাও, আমাদিগকে কটু কথা কেন বলিতেছ ? ঘরে যরে পিয়া হার ও নাল্য দেখাও, তাহাতে আনাদের ভর কি ? বেহেড়ু এই হার ও মাল্য আমাদের নহে; আমাদিগকে কৰনও মিখ্যাপৰাদ প্ৰদান করিওনা; এই কথা প্ৰবণ করিয়া कूषिना कुषा रहेता अरे चामि खरक छनिनाम, जीनेता कुछ বেশে বৰাৰ হরি, অভিমত্যু বেশে গুপু হইরা রহিয়াছেন, তথার উপস্থিত হইয়া কহিল—"হে ভ্রাতঃ ! এই দেখ, কুঞ বক্ষ:হলের ছিন্ন বন্যালা, ও রাধিকার ছিন্ন মুক্তাহার সৌরভ শ্ব্যার উপরি পাইয়াছি, একং রাধিকা প্রভৃতিকে দেবিনাম, কিন্তু সে ব্ৰমণ্ট-চোৱে দেখিতে পাইবাৰ না"। অভিম্মু-বেশি-উক্তি, এই কথা শুনিয়া কহিলেন—মান্ন ভাগনি! ভাল इरेन, धार्यि अपनरे मधुतांत्र ठिननाम, अरे हिन्न राज ७ माना, ব্ৰাকা কংসে দেবাইৰ: কিন্তু নিজ সূহের সহাকলম প্রকাশ

করা নীতি বিরুদ্ধ; অতএব বছ-সভায় আমি চতুরতা প্রকাশ পূর্বক আমার প্রিয় হংকৎ গোবর্দ্ধন মল্লের নিকট বিজ্ঞাপন করিব,—"হে বান্ধব! তোমার গৃহিণী-চন্দ্রাবলীকে নিকুঞ্জে আনিয়া নন্দের পুত্র, দূষিত করিয়াছে, তাহাদের ছিম হার ও মাল্য পাইয়াছি দেখ", ইহা বলিয়া তাহার করে হার ও মাল্য ुनमर्पन शूर्त्वक शूनतात्र कहित,—"महाताक ! मरथ ! रगांवर्कन ! অদ্য যেমন নন্দপুত্র, তোমার গৃহিণীর প্রতি লম্পটতা করিয়াছে, এইরূপ প্রতিগৃহে তাহার লম্পট্ডা অধিক পরিমাণে দেখিয়া टायाटक जानाहेलाय, जूनि ताजा कररात निक्छे निटक्सन করিয়া একশত পদাতিক এবং দশজন অশ্বারোহি-দেনা প্রেরণ করিয়া মধ্যাহ্নকালে নন্দীশ্বরপুর হইতে পুত্রের সহিত নন্দে বাঁধিয়া আনিরা তাহার প্রতিফল প্রদান কর;" ইহা বলিয়া আমি মথুরা হইতে পূর্ব্বাহ্নে ফিরিয়া আদিব, কারণ মধ্যাহ্লে রাজকীয় পুরুষধণ আদিলে তাহাদের সন্মান করিতে হইবে; তুমি গৃহে গিয়া জননীর নিকটে থাকিও, এবং তোসাদের বধু গৃহে যাইলে তাহাকেও এখন কিছু বলিওনা, কারণ এ রহস্ত প্রকাশ হইলে নন্দ্রগোপ, পুত্রের সহিত দেশান্তরে পলায়ন করিতে পারে। এইরূপে কুটিলাকে উপদেশ দিয়া অভিমন্থ্য-বেশি-কৃষ্ণ দক্ষিণাভিমুখে মধুরাপথে চলিয়া যাইলেন, এবং कूर्টिना शृहर बानित्न श्रीदांश প্রভৃতি নিজ নিজ बान्दर আগমন করিলেন।

অভিমন্যবেশি-কৃষ্ণ, কোন স্থানে তিন চারি ঘটিকাকাল বিলম্ব করিয়া জটিলা গৃহে আগমন পূর্ব্বক উচ্চৈঃ স্বরে আহবান করিয়া কহিলেন—হে জননি ! ভূমি কোথায় আছি ? হে

কৃটিলে কোথায় আছ ? নিকটে আসিয়া সকল বার্তা শুনিয়া যাও, আমি রাজার নিকট জানাইয়া আদিয়াছি, শত পদাতিক ও অশ্বারোহি দশ জন,পশ্চাৎ আসিতেছে, ক্রিস্ত সেই নম্পট, আমার বেশ ধারণ করিয়া আমাদের গৃহে আসিতেছে? তাহা জানিয়া আমি অধক্ষিত ভাবে গৃহে আদিলাম,—হে ভগিনি! তুমি বহিছার রুদ্ধ করিয়া জননীর সহিত অট্টার * উপরি লোষ্ট্র লইয়া থাকিও, যাহাতে সে রমণী-লম্পট, প্রাচীর লজ্ঞান করিয়া গৃহের মধ্যে প্রবেশ করিতে না পারে, তাহাই করিও; এবং গৃহের নিকটে তাহাকে আসিতে দেখিলেই অতি কটু বাক্যের দারা তিরস্কার করিও; তোষাদের বধূর স্বভাব ভালরূপে कान ? तम, तमहे जी कि तित्र शक्त शहित्न गृत्ह थात्क ना, অতএব আমি তাহাকে রোধ করিয়া নিচের ঘরে রহিলাম, ইহা বলিয়া শ্রীকৃষ্ণ শ্রীরাধিকার নিকটে তল সদনে গমন করি-লেন; কিয়ৎক্ষণ পরেই অভিমন্ত্যু, নিজ গৃহের নিকটে যেমন উপস্থিত হইলেন, অমনি কুটিলা, হস্তে লোট্ট্র (ঢিল) লইয়া কহিতে লাগিল, ওরে ! তুই ব্রজকুল রমণীগণের ধর্মা ধ্বংস করিয়া বড়ই সাহদী হইয়াছিদ্; আমার ভাতার গৃহেও প্রবেশ করিতে অভিলাষ করিতেছিস্, রে চপল! আমাদের গৃহের নিকটে আসিলেই এই লোফ্ট দিয়া তোর মাথা ভাঙ্গিয়া প্রতিফল দিব। তোর অন্যায়চিরণের কথা শুনিয়া রাজা কংস, ক্রোধ করিয়া ভোর পিতার সহিত তোকে হুখী করি-বার জন্ম দেনা পাঠাইয়াছেন, যথন তাহারা তোকে তোর পিতার সহিত বাঁধিয়া শইয়া নৃপতিনগরে কারাগারে জন্মের

অট্টা—ব্রুদেশে আটালি নামে প্রসিদ্ধ-বারান্দা বিশেষ।

মত রুদ্ধ করিয়া রাখিবে,তখনই তোর চপলতা শান্তি হইবে।

এই প্রকার নিজ ভগিনীর ব্যবহার বিলোকন করিয়া অভিমন্ত্য; বিকল হইয়া মনে মনে কহিতে লাগিলেন, আমার ভগিনীকে কোন তীব্রভর ভূতে পাইয়াছে, এখন মান্ত্রিক (রোজা) আনয়ন করাই উচিত, ইহা ছির করিয়া নানা-প্রকার চিন্তায় ব্যাকুল হইয়া প্রামোপান্তে মান্ত্রিকদিগের নিকট গমন করিলেন।

এই প্রকারে প্রীকৃষ্ণ, জটিলা গৃহে জটিলার বধুর সহিত নানা কোতুকে বিহার করিতে লাগিলেন, ঘাঁহার পরবধ্-রমণ * ব্যতীত আর কোন ফল নাই, সেই প্রীকৃষ্ণের কোন যদ্ধ না স্ফল হয় ?

ইতি চমংকার চক্রিকারাং দ্বিতীয় কুতৃহল।

^{*} পরবধ্—পরের বধ্—ও সর্কোৎকৃষ্ট নিজবধ্ অর্থাৎ সর্ক লক্ষীগণের অংশিনী পরম লক্ষীরূপা-শ্রীরাধা।

শ্রীচমৎকার চন্দ্রিকা।

তৃতীয় কুতৃহল।

নানাপ্রকারে শ্রীরাধিকার কৃষ্ণানুরাগ লক্ষণ অবগত হইয়া কটিলা, অত্যন্ত চিন্তাতুরা হইরা নিজ তন্য়াকে একান্তে আহ্বান করিয়া কহিলেন—হে পুত্রি! কৃষ্ণ হইতে আর বধ্ রক্ষা কঃতে পারিলাম না, হার! হার! কি করিব। বৎদে! কুটিলে! আমি একটি উপায় স্থির করিয়াছি তোমার তাহাই করিতে হইবে ? যাহাতে কোনুরূপে ঘরের বাহিরে যাইতে না পারে, এইরূপে বধুকে রোধ করিয়া রাখিবা, নন্দপুত্র, ভুজঙ্গমঞ্চ যাহাকে নয়ন দিয়া দংশন করে, তাহাকে গৃহে রক্ষা করিবার আর উপায় নাই, অভএব ভুমি দদা দাবধানে থাকিয়া রক্ষা করিবা। বধুকে পাবন সরোবরে বা যমুনায় স্নান কঁরিতে এবং সূর্যপূজা করিতে যাইতে দেওয়া হইবে না, তাহা হইলে দে লম্পাটের সহিত সাক্ষাৎ হইবার সম্ভাবনা, অতএব স্নান সূর্য্যপূজা প্রভৃতি সমস্ত কর্মাই গৃহেই বধূকে করাইতে হইবে। এবং এই প্রকারে বধূকে রুদ্ধ করিলে দে ধূর্ত্ত লম্পট আমাদের গৃহে কোনরূপে কোন সময়ে আসিতে পারে, এই জন্ম আমি বহি-ছাঁতে সাবধানা ক্ইয়া যস্তি হড়ে লইয়া রাত্রি দিন জাগিয়া यार्शन कंतित।

⁺ जुजनग नगुक 3 नर्भ

নিজ মাতৃ মুথে এই বাক্য শ্রুবণ করিয়া কুটিলা কহিল—
মাতঃ! তোমার বধুকে কোনরূপে রুদ্ধ করিয়া রাখিতে পারা
যাইবে না, এবং কৃষ্ণের হস্ত হইতেও রক্ষা করিতে পারা
যাইবে না, যেহেতু ব্রজেশ্বরী প্রতিদিন যত্নপূর্বক নিজ তনয়ের
ভোজনার্থ পাক করাইতে ভোমার বধুকে নিজ গৃহে লইয়া
বান। ইহা শুনিয়া জটিলা কহিলেন—হে পুত্রি! তুমি
এখনই ব্রজেশ্বরীর নিকট গমন করিয়া বল, অদ্য হইতে আমাদের বধু নিজ গৃহ হইতে কোন স্থানে যাইবে না, অতএব
নিজ পুত্রের ভোজনের নিমিত্ত পাকে রোহিণীকে নিযুক্ত

কুটিলা কহিলেন—মাতঃ! আমার বচন শ্রেণ করিয়া ব্রেকেশ্বরী কহিবেন, "শ্রীরাধাকে ছুর্বাসা মুনিবর যে বর দিয়া-ছেন, তাহাতে শ্রীরাধার হস্তপক অন্ন যে ভোজন করিবে, তাহার আয়ুর্বন্ধি ও বিদ্ধ বিনাশ হয়, ইহা ব্রজপুরে অধিক প্রাসিন্ধি। আমার একমাত্র পুত্র, শ্রীকৃষ্ণচন্দ্র, কেবল শ্রীরাধার হস্তপক-ভক্ত-ভোজন প্রভাবে, বহু ছুফ্ট-দানব-কৃত-বিদ্ধ রাশি হইতে নির্দ্ধুক্ত হইয়া কুশলে থাকে। অভএব রাধার হস্তপক দ্রের ভোজনে বাধা দিয়া আমার অনিষ্ট করিওনা"। ইহার আমি কি উত্তর দিব?

জটিলা কহিলেন—হে পুত্রি! তোমাকে ব্রজেশ্বরী উপ-রোক্ত বচন বলিলে তুমি বলিও, হে ব্রজেশ্বরি! যদি মুনিবর তুর্কাসা কালি বা পরশ্ব আসিয়া বর দেন, ''শ্রীরাধা, যুাহাকে যাহাকে স্পর্শ করিবে, সে চিরায়ুঃ হউক,—অয়ি নীতি-লিজে! ভাহা হইলে তুমি শ্রীরাধাকে নিজ ভবনে আহ্বান করিয়া, তন্ধারা নিজ পুত্তকে স্পর্শ করাইবে ? আরও বলিও কুলাঙ্গনা গণের পর গৃহে প্রতি দিন পাক করাও নীতি বিরুদ্ধ, এবং বধুর কলক প্রতিদেশে রটিয়াছে, তাহা সামরা আর সহ করিতে পারি না, এবং তোমার নিজ পুত্রে যেমন স্নেহ, আমার কি পুত্রবধ্র প্রতি তাদৃশ স্লেহ নাই? এই সকল কথা শুনিয়াও যদি তিনি রাধা-পক-দ্রব্য পুত্তে ভোজন করাই-বার জন্ম হঠ করেন, তাহা হইলে পুনরায় কহিও, "হে ত্রজ-রাজি ! আমাদের।বধু রন্ধন করিতে আর আসিতে পারিবেনা, যদি তোমার বধূ হস্ত পক দ্রব্য পুত্রে নিতান্তই ভোজন করা-ইতে অভিলাষ থাকে, তাহা হইলে ধনিষ্ঠাকে পাঠাইবে, প্রতি দিন জ্রেদক্ষ্যা বধ্ মোদকাদি প্রস্তুত করিয়া দিবে," ইহাতেও যদি ত্রজেশ্বরী, কোপ করেন, তাহা হইলে আমরা তাঁহার নগরী পরিত্যাগ পূর্ব্বক দেশান্তরে বাস করিয়া তাঁহার পুত্র হইতে বধু রক্ষা করিব"।

জটিলা কৃটিলা এই প্রকার পরামর্শ হির করিয়া ব্রজেশ্বরীর
নিকট পূর্বেবাক্ত কথা বলিয়া আসিয়া, শ্রীরাধিকাঁকে গৃহে
রুদ্ধ করিলেন। এই প্রকারে বিরোধ করিলে শ্রীরাধার্ক্ষণ, পরক্রার অদর্শন দাবে তাপিত হইয়া যেরূপ বিষম হইলেন;
তাহা বাক্যের অধিষ্ঠাতৃ-দেবতা সরস্বতীও বর্ণনা করিতে
পারেন না; শ্রীকৃষ্ণ-বিরহ-দাবে তাপিত-রাধাদেহের তাপ
শান্তি করিবার জন্ম বয়স্থাগণ, সরোজদল, কর্পুর চন্দনের
পর্কাক্ষ করিয়া তাহার দ্বারা শ্যা নির্মাণ করিলেন,
শ্রীরাধার হরি-বিরহ-তাপিত-অঙ্গ স্পার্শ মাতেই ক্ষণকালে মধ্যে
সেই শ্যা মুর্নুরতা প্রাপ্ত হইল, ইহা হইবার কথা, যেহেতু

যিনি নয়নের নিমেষ,—ক্বফু দর্শনের ব্যবধায়ক বলিয়া নিমেয় অফা বিধাতাকে নিন্দা করিয়া পক্ষাহীন মীন জন্ম বাঞ্ছা করেন, সেই শ্রীরাধিকা নুস্পনন্দনের বিলোকন ব্যতীত অফ প্রহর কি অতিবাহিত করিতে পারেন? শ্রীরাধা কুতুম শয়নে শ্রীকৃষ্ণ বিরহ তাপে অচেতনা হইয়া পতিত রহিয়াছেন, কেহ কিছু ক্রিজ্ঞাসা করিলে শ্রবণেও প্রবেশ হয় না, ও কিছু বলিতেও পারেন না; এই অবস্থা ত্রজেশ্বরী প্রেরিত ধনিষ্ঠা আসিয়া দেখিলেন; তল্লিমিত্ত অতি ত্লংখে কাতরা হইয়া শ্রীললিতা দেবীকে ধনিষ্ঠা কহিলেন,—"হে ললিতে ! অদ্য জ্রীরুন্দাবনে-খরী, রন্ধন করিতে না যাওয়ায় এীরোহিণী রন্ধন করিয়াছেন, দেই অন্ন শ্রীকৃষ্ণ, ভোজন করিয়া গোষ্ঠে গিয়াছেন, কিন্তু অন্য দিনে যেমন শ্রীরাধাপক অম্নাদি ভোজন করিয়া থাকেন, সেইরূপ ভোজন না করায় শ্রীব্রজেশ্বরী অত্যন্ত বিষয় মনে. মোদকাদি প্রস্তুত করাইয়া লইয়া যাইবার জন্ম আমাকে পাঠাইয়াছেন, আমি যে মোদক শ্রীরাধার দ্বারা প্রস্তুত করা-ইয়া লইয়া•যাইব, তাহা অদ্য সায়ংকালে এবং রজনীতে ও আগামী কল্য গোষ্ঠ গমনের পূর্বের একুষ্ণ ভোজন করিবেন, কিন্তু শ্রীরাধা অচৈতন্ত অবস্থায় রহিয়াছেন, হায় !!! কিরুপে মোদকাদি প্রস্তুত করিবেন। এই প্রকারে ছঃখ করিতে করিতে শ্রীরাধিকার কর্ণ নিকটে উচ্চৈঃস্বরে ধনিষ্ঠা কহিলেন—"হে রাধে ! কৃষ্ণ, তোমার সম্মুখে দাঁড়াইয়া রহিয়াছেন দেখ, এই াবাক্য প্রবণ মাত্র শ্রীরাধা, চৈতন্ত যেমন লাভ করিলেন, অমনি ধনিষ্ঠা কহিলেন--- শ্রীরাধে ! তোমার হস্তপ্ত জব্যের অভাবে ুকুরু ভোজন করিতে পারেন নাই, এই জম্ম ব্রজেশ্বরী আমাকে

তোমার নিকট পাঠাইয়াছেন, তুমি কিছু স্বহস্তে মোদক প্রস্তুত করিয়া দেও।

বিরহ-দাব-দয়া সরোরহ-নয়না শ্রীরাখা এই, বচন শ্রবণ করিয়া প্রচ্রত্র বললাভ করিয়া রূপমঞ্জরীকে আহ্বান করিয়া কহিলেন—হে রূপমঞ্জরি! শীন্ত চুল্লী লেপন করিয়া তাহাতে বহ্লি অর্পন কর, এবং কটাহ আনয়ন কর, আমাকে ব্রেজেয়রী, শ্রীকৃষ্ণের ভোজন সামগ্রী প্রস্তুত করিতে আদেশ করিয়াছেন, আমি তাহাই করিব; হে দখি! আমার দেহ অহস্থ বলিয়া তোমরা কোন প্রকার শঙ্কা করিও না, আমি নিত্য যে পরিমাণে মোদকাদি প্রস্তুত করিয়া থাকি, অদ্য তাহার চতুর্ত্তণ প্রস্তুত করিতেছি, তোমরা দেখ, ইহা বলিয়াই চুল্লী তটে বিদ্যমান হেন চতুচ্কিকার উপরি শ্রীরাধা, সহসা উপ-বেশন করিলেন।

শীর্ষার্থ মিন্টায় প্রস্তুত করিবার সময় বিরহ-তাপিত শীরাধাবপুঃ, বহ্নি তাপে স্থশীতল হইল, দেখিয়া তত্ততা কোন কিন্ধরী, মনে মনে কহিতে লাগিলেন—'মে রাধা শরীর স্পর্দে কিয়ৎক্ষণ পূর্বের চন্দনপঙ্গলিপ্ত পঙ্কজদল বিরচিত শয্যা দেখিতে দেখিতে মুশ্মরতা প্রাপ্ত হইয়াছিল, এক্ষণে প্রিয়তমের নিমিত্ত মিন্টায় প্রস্তুত করিতে অনলতাপে সেই রাধা শরীর শীতল হইল, আমি অতর্ক-বিচিত্র প্রভাবশালী প্রেমকে নম্কার করি, যদাজ্রিত জনে, হিমাংশু তাপিত করে, ও বহ্নি

শ্রীরাধা শ্রীকৃষ্ণার্থ মিফার প্রস্তুত্ করিতে প্রস্তুত হইলে শ্রীলনিতা দেবী, ধনিষ্ঠাকে কহিলেন, হে ধনিষ্ঠে। যাহার বক্ষঃস্থলে বিত্যুৎ বালমল করে, সেই নব জলধর উদয় হইয়া রস বর্ষণানা করায় আলিমগুলীর অভ্যন্তরস্থিত আনন্দ শস্ত্র শুকাইয়া•বিন্তঃ হইতে চলিল।

ধনিষ্ঠা কহিলেন—ললিতে ! ভুমি সত্যই বলিয়াছ, যেরূপ তোমাদের তুঃখ হইয়াছে, তদ্রপ বয়স্থগণসহ কৃষ্ণও ছুঃখামু-ভব করিতেছেন, স্থি ! অধিক কি বলিব, এই মহাছঃখে রুন্দাবনস্থিত শুক, পিক, কেকী, ভূন, মুগ, প্রভৃতি আকুল হইয়াছে।

পরে মিন্টার প্রস্তুত করিয়া জ্ঞীরাধা ধনিষ্ঠাকে প্রদান করিয়া, ললিতা ও ধনিষ্ঠার কর্ণে কিছু গোপনীয় বচন বলি-লেন, ধনিষ্ঠা নন্দীশ্বরে আগমন করিলেন, জ্ঞীরাধাও পাকশালা ইইতে নিজ নিবাস গৃহে সমাগতা ইইলেন।

সায়ংকালে জাটলার নিকট বিশাখা আগমন করিয়া ধরায় লুঠিত হইয়া রোদন করিতে আরম্ভ করিলেন, তাহাতে বিষম্ন হইয়া জটিলা জিজ্ঞাসা করিলেন, হায় !!! হায় !!! বিশাথে ! কেন রোদন করিতেছ ?

বিশাখা কহিলেন—আর্য্যে! অলক্ষিত রূপে রাধায় কৃষ্ণ-ভুজঙ্গে দংশন করিয়াছে।

জটিলা কহিলেন—বংসে! বিশাথে! কোথায় কিরুপে দংশন করিল,

বিশাখা কহিলেন—আর্থ্যে কোলি রক্ষের তলে অলক্ষিত ভাবে ভূজঙ্গ ছিল, তাহার অন্তকে রত্ন জুলিতেছিল, রাধা, নিজরত্ব বোধে যেমন গ্রহণ করিবায় জন্ম কর প্রসারণ করি-য়াছে, অমনি করে দংশন করিয়াছে। জটিলা এই বাক্য ভাবণ করিয়া অত্যন্ত ব্যথিত হৃদয়ে কাঁদিতে কাঁদিতে কহিতে লাগিলেন, হায়! হায়!! আমার মস্তকে এ কি বজ্রপাত হইল, ইহা বলিতে বলিতে আগমন করিয়া দেখিলেন, শ্রীয়াধা, ভূমিতলে পতিত হইয়া অসহণীয় বিষ দাহে কম্পিত হইতেছেন, তথন ছই কর দ্বায়া নিজ বক্ষঃস্থলে আঘাত করিতে করিতে উচ্চঃস্বরে আরও অধিক কাঁদিতে লাগিলেন, এবং অত্যন্ত ব্যাকুলা হইয়া নিজতনয়া কুটিলাকে কহিলেন, হে পুত্রি! তুমি শীস্ত্র গোগৃহে (বাতানে) গমন করিয়া নিজ ভাতাকে আনয়ন কর, সে আদিয়া অভিজ্ঞা মাজ্রিক আনয়ন করুক তাহারা আদিয়া আমার বধুকে বিষ হীনা করিবে, এই কথা বলিয়া শ্রীয়াধিকাকে জিজ্ঞাসা করি-লেন—হে স্ব্রে! সম্প্রতি তোমার শরীয় কেমন আছে !

শ্রীরাধিকা কহিলেন—হে আর্য্যে! বিষানলে আমার তমু সংদহ্যমানা হইতেছে, আমি আর কিছু কহিতে পারিতেছিনা, মাস্ত্রিক পুরুষেরা যদি কর দ্বারা আমার একটা পদাঙ্গুলি স্পর্শ করে, তাহা হইলে তখনই তমুত্যাগ করিব, , আমি সতী কুলাঙ্গনা, স্থতরাং এই নিয়ম করিয়াছি।

জটিলা কহিলেন! সুষে! তুমি যাহা বলিতেছ, তাহা বড়ই অযুক্ত; সদাচারী জন, আপদ্গত হইয়া ঔষধাদিতে যে অভক্ষ্য ভক্ষণ ও অম্পৃশ্য স্পর্শন করিয়া থাকেন, তাহা শ্রুতি ও স্মৃতি সন্মত ব্যবস্থা।

শ্রীরাধা কহিলেন—আর্য্যে। আমার প্রাণ যায় তাহাও.
ভাল, কিন্তু তোমার এই আজ্ঞা প্রতিপালন করিতে পারিবনা।

শীরাধিকার এই বাক্য শ্রেবণ করিয়া জটিলা চিন্তাতুরা হইলে একজন প্রতিবাসিনী, কহিলেন—আর্থ্যে! জটিলে! যিনি কালীয় ভূজক দমন করিয়া তাহার মস্তকে নাচিয়াছেন, এবং অঘ প্রভৃতি ভূজকগণে সংহার করিয়াছেন, এবং কালীয় হ্রদের বিষজল পানে গতান্ত গো-গণে কেবল মাত্র দৃষ্টি করিয়া জীবিত করিয়াছেন, সেই শ্রীকৃষ্ণে আনয়ন কর, তিনি আসিয়া দেখিবা মাত্র তোমার বধূর বিষদাহ নিবৃত্তি হইবে!

এ কথা শুনিয়া জীরাধিকা কহিলেন, আমি যাহার পরী-বাদ পীড়া বিষানল হইতেও অধিক করিয়া জানি, সেই কুষ্ণে যিনি আমাকে দেখাইতে অভিলাষ করিবেন, তাঁহাকে আমি বেরিণী জানিব।

জটিলা কহিলেন—হে স্নুষে! তিবে আমি কুটিলাকে
সঙ্গে লইয়া দ্রুত গতিতে পোর্ণমাদীর নিকট চলিলাম,
তিনি মন্ত্র তন্ত্রে এবং আগম শাস্ত্রে অভিজ্ঞা, অতএব তাঁহার
আগমন মাত্রেই তুমি হুস্থ হইবে, ইহাতে আর অফা মত
করিও নাৰ

বিশাখা কহিলেন—আর্য্যে! উত্তম পরামর্শ হইয়াছে, অতএব বিলম্ব না করিয়া ঝটিতি পৌর্ণমাসীদেবীর নিকট গমন কর, আমি সূত্র দ্বারা বাঁধিয়া বিষণতি রোধ করিয়া রাথিয়াছি, অন্ধ প্রহর পর্যান্ত বিষ, উর্দ্ধে উঠিবেনা, তাহার পরে মন্তকে বিষ উঠিলে অসাধ্য হইবে ?

বিশাখার বচন শুনিয়া জটিলা ক্রত গুমনে পোর্ণমানীর নিকটে গিয়া প্রণাম পূর্বক দকল কথা জানাইলে, পোর্ণমানী নিজ নিকট বাদিনী গর্গী-ক্লা গার্গীকে জিজ্ঞানা করিলেন, হে পুত্রি! হে গার্গি! ভূমি কি তোষার পিতা গর্গের নিকট দর্প- া মন্ত্র শিথিয়াছ ?

গার্গী কহিলেন, আমি শিথি নাই আমার ছোট ভগিনী শিথিয়াছে।

পোৰ্ণমাদী কহিলেন—দে কোথায় তাহার নাম কি ?

গাগী কহিলেন—কাশীপুরে নিজ শ্বশুরালয় হইতে মথুরায় পিতৃ গৃহে আদিয়াছিল, তথা হইতে আমাকে দেখিবার জন্য কল্য এখানে আদিয়াছে, তাহার নাম বিদ্যাংলি, সে আমার গৃহে আছে,—

এই বাক্য শ্রবণ করিয়া অত্যন্ত কাতর হইয়া কাঁদিতে কাঁদিতে জরতী জটিলা কহিলেন—হে গার্গি! আমি তোমার চরণে পতিত হইলাম, তুমি নিজ ভগিনীকে লইয়া আমার গৃহে আগমন পূর্বেক কুপামতের দ্বারা পুত্রের সহিত আমাকে কিনিয়া লও।

পোর্ণমাসী গার্গীকে কহিলেন—গার্গি! তুমি নিজ গৃহে অত্যে গমন কর, তাহার পরে কম্মার সহিত জটিলা, গমন করিবেন, বিদ্যাবলিকে প্রসম করিয়া আনয়ন করিলে সে শ্রীরাধিকাকে নিশ্চয়ই বিষ শৃশ্য করিবে ?

গাগী, ইতঃপূর্বেধ ধনিষ্ঠার বচনানুসারে, জ্রীক্লফে রমণী

সাজাইয়া নিজগৃহ মধ্যে স্থাপন করিয়া রাথিয়া আসিয়াছিলেন,

এই নিমিত্ত অগ্রপশ্চাৎ গমনের কোন অপেক্ষা না থাকায়
জটিলা কুটিলাকে সঙ্গে লইয়াই নিজালয়ে উপস্থিত হইয়া ব্রমণীবেশে ভূষিত নাগররাজ ক্ষের নিক্ট গিয়া কহিলেন—

বে ভণিনি! বিদ্যাবলে! এই ব্রজে নিথিলগুণে সংঘিতা

ও মহাযশস্থিনী শ্রীর্ষভামু নন্দিনীর যে নাম শুনিয়াছ, আদ্য তাহার মহাবিপত্তি উপস্থিত, মণিধারী কোন ভূজকে তাহাকে শংশন করিয়াছে, একণে বিষে কলেবর পরি-পুর্ণ হইয়াছে, এই নিমিত তাহার শাশুরী নিজ তনয়ার সহিত তোমার নিকট আদিয়াছে, তোমার ইহাদের গৃহে যাইতে হইবে।

বিদ্যাবলি কহিলেন,—হে ভণিনি! তুমি বিজ্ঞা হইয়া অবিজ্ঞার আয় বলিতেছ, খায় !!! হায় !!! আমি একতঃ কুলা-ঙ্গনা, তাহাতে বিপ্রবধূ হইয়া তোমার মতে জাঙ্গলিকী (বিষ-বৈদ্য) হইলাম। আমার যত্নপুরে বিখ্যাত পিতৃকুল এবং কাশী-পুরে বিখ্যাত শশুর কুল ভূলোকে কাহার বিদিত নাই, ভূমি আমার দেই তুই কুল কলঙ্ক-পঙ্কে ডুবাইয়া দিয়া কি স্নেহের কার্য্য করিতেছ, তাহা বুঝিতে পারিলাম না ?

জরতী জটিলা কহিলেন—হে গুণবতি! আমি তোমার পাদপদ্ম যুগলে পতিত হইলাম, তুমি আমার বধুকে বাঁচাইয়া নিজ পাদপদ্ম ধূলিদ্বারা আমাকে কিনিয়া লও, আর কি বলিব।

বিদ্যাবলি কহিলেন, অয়ি! ব্রজস্থে জরতি! তুমি আমাদের ব্রাক্ষণ কুলের রীতি অবগত নহ, বিপ্রবধ্গণ, গোপালিকাদিগের আয় গৃহে গৃহে ভ্রমণ করে না, তুমি কি
জান না ? যাহার তাহার গৃহে যাইলে বিপ্রবধ্দিগের আভিজাত্য বিলুপ্ত হয় ?

গাৰ্গী কহিলেন—ভগিনি ! বিদ্যাবলি ! তুমি আছতি স্মৃতি প্ৰোক্ত বিহিত ও নিষিদ্ধ সকল বিষয় অবগত হইয়া যথন, আভিন্ধাত্য প্রকাশিয়া ব্রজন্থিত সজ্জনে অবজ্ঞা করিতেছ ?
তথন তোমার পারমার্থিকী দৃষ্টি নাই, ব্রজন্থিত কীর্ত্তিদয়া যুক্ত
যে সকল গোপী ও ব্রষভাত্ম ভুল্য তেজন্মী মে সকল গোপ,
তাহাদের তত্ত্ব ও আভিজাত্য ও বিফুভক্তি ভুমি জান না, কাশীবাসি ব্রাহ্মণগণ বিফুবর্হিমুথ, তোমার শশুর শাশুরী প্রভৃতিকে
আমি ভালরূপে জানি, কাশীপুরীতে বাসও বিফুবর্হিমুথ
শশুরাদির সঙ্গদোষে তোমার বৃদ্ধি অতি কঠোর হইয়া
গিয়াছে।

বিদ্যাবলী কহিলেন—হে ভগিনি! হে আর্য্যে! আমি তোমার নিতান্ত আশ্রিতা, আমার প্রতি কোপ করিও না, শান্ত হও, 'ছুমি যাহা বলিবে, আমি তাহাই করিব, কিন্তু আমার একটি দারুণ শক্ষা আছে, তমিমিত্ত আমি প্রথমতঃ তোমাদের বাক্য অমুমোদন করিতে পারি নাই, আমাদের মধুরাপুরে ও কাশীপুরে এই কিম্বদন্তী শুনিয়াছি, নন্দের যথেচ্ছাচারী, এক বীর পুত্র আছে, দে অত্যন্ত লম্পট, ত্রাহ্মণ জাতিকেও ভয় করেনা, দে যদি ত্রজনারী গণের স্থায় আমার প্রতি পথ মধ্যেশলোভদৃষ্টি করে, তাহা হইলে তৎক্ষণাৎ প্রাণত্যাগ করিব, কিন্তু কথনও প্রিত্র কুলম্বয় কলঙ্কিত করিব না।

গার্গী কহিলেন—হে ভগিনি সে বিষয়ে তোমার কোন ভয় নাই, আমি তোমার সহিত যাইতেছি, তাহাতে বিদ্যাবলি সম্মত হইয়া গার্গী প্রভৃতির সঙ্গে গমন করিলেন।

পথিমধ্যে বিদ্যাবলি জটিলাকে কহিলেন, হে জরতি!
মন্ত্র ও ঔষধ দ্বারা গরল নাশ হয়, মন্ত্র আমার কঠে আছে,
এবং যে ঔষধ আমি দিব, তাহা দন্ত পিঠি (অর্থাৎ চর্বিত),

মন্ত্রপৃত তামুল বীটা মাত্র, হে আর্য্যে! তোমার বধু, তাহা ভক্ষণ করিতে মৃণা করিবে কি ?

জটিলা কহিলেন—আমার সেই স্থলীলা বধু, ত্রাহ্মণ জাতির প্রতি স্বাভাবিক ভক্তিমতী, অতএব তোমার চর্বিত তামুল বীটি ভক্ষণ করিবে, ইহা কি বিচিত্র কথা।

গার্গী কহিলেন—ঔষধাদিতে ভক্ষাভক্ষ্যের বিচার নাই, রাজাও ভূদেব কুলের উচ্ছিষ্ট ভক্ষণ করিয়া থাকেন, অন্থ জাতির সম্বন্ধে কা কথা।

বিদ্যাবলি গৃহে প্রবেশ করিলে, পুত্রের সহিত, জটিলা তাঁহার চরণ ধোত করাইয়া সেই জল নিজ বধুর মুখে নয়নে মস্তকে ও বক্ষঃস্থলে নিক্ষেপ করিয়া কহিলেন, ছে সুষে! ভাগ্যক্রমে ভূজঙ্গ-বিদ্যা-নিপুণা-গর্গের ভনয়া আসিয়াছেন, ইনি অঙ্গম্পর্শ করিয়াই বিষ ব্যাধি হইতে তোমাকে মুক্ত করিবেন, এবং তাম্মূল বীটিকা মস্ত্র পাঠ পূর্বক দভদারা চর্বন করিয়া তোমার মুখে প্রদান করিবেন, আমার মাথার দিব্য, তুমি কদাচ মুণা করিপ্ত্র না।

এই কথা শ্রীরাধিকাকে বলিয়া বৃদ্ধা জটিলা বিদ্যাবলিকে গৃহের ভিতরে লইয়া ঘাইলেন, বিদ্যাবলি বসনাবৃতাঙ্গী শ্রীরাধিকাকে অবলোকন করিয়া জটিলাকে কহিলেন—হে জরতি! তোমার বধুর পদ হইতে মস্তক পর্যন্ত যে বসনে আরত রহিয়াছে, তাহা অগ্রে উদ্বাটন কর, আমি ভূজঙ্গ মন্ত্র জপ করিয়া পদতল হইতে উর্জ্বগাত্তে হস্ত চালন করিব, যে অঙ্গ অবধি বিষ আরোহণ করিয়াছে, তাহা হস্ত চালন ব্যারা জানিয়া সেই অংশ মন্ত্র প্রাঠ করিয়া বিষ শৃষ্কা, করিব ন

ইহা শ্রবণে জরতী জটিলা শ্রীরাধার অঙ্গার্তি বস্ত্র উত্তারণ করিলে বিদ্যাবলি মস্ত্র পাঠ পূর্বক হস্ত চালন করিছে লাগিলেন, বিদ্যাবলির পানি শ্রীরাধার শ্রীচরণ স্থার্শ করিয়া ক্রমশঃ বক্ষঃস্থল পর্যান্ত চলিয়া আর কোনরূপে উর্দ্ধে গমন করেনা, বিদ্যাবলি বক্ষঃস্থল অবধি বিষ উঠিয়াছে, বলিয়া মুহ্মুহ গাড়ুর মস্ত্র পাঠ করিতে করিতে বক্ষঃ ঘট্টন করিতে লাগিলেন, এবং ভলিলেন হে রুদ্ধে! কি হইল কোনরূপে বিষ নিবারণ হয় না, কি করিব ?

বৃদ্ধা কহিলেন—হে বিদ্যাবলি ! যে ঔষধ বধুর মুখে দিতে চাহিয়াছিলে, তাহা ভোজন করাও, এখনই বিষ নামিয়া যাইবে।

বিদ্যাবলি কহিলেন, হে রুদ্ধে আমি বারে বারে তোমার বধুর মুথে মন্ত্র পাঠ করিয়া ঔবধ প্রক্ষেপ করিতেছি, তথাপি বৈবর্ণ্যবতী তোমার বধু, কাঁপিতেছে, ও ঘন ঘন নিশ্বায় পরি-ত্যাগ করিতেছে, অতএব এই চিকিৎসায় কোন ফল না হওয়ায় পুনরায় অন্য প্রকার চিকিৎসা করিতে হটল, এখন সকলে বাহিরে যাও, আমি এই গৃহ, কাপাটের দ্বারা রুদ্ধ করিয়া সর্প মন্ত্র জপ করিব, এক মূহুর্ত্ত মধ্যে যে সর্প তোমার বধুকে দংশন করিয়াছে, তাহাকে আনিয়া তাহার সহিত আলাপ করিব, হে জয়তি! তিল মাত্রও চিন্তা করিও না, তোমার বধুকে আমি জীবিত করিতেছি, একাগ্র চিন্তে হইয়া মন্ত্র জপ পূর্বেক তিন ঘটিকার পরে সকল দেখাইতেছি।

,ভাহার পরে গার্গীও সকলকে অস্থ গৃহে যাইতে কহি-লেন, সকলে ভাহাই করিলেন, গোঁপিকাগণ বিদ্যাবলির বাক্য এবং সর্পের বাক্য অন্ত গৃহ হইতে প্রবণ করিতে লাগি-লেন; কলানিধি প্রীকৃষ্ণ, ছই প্রকার স্বর অবলম্বন করিয়া এক স্বরে .বিদ্যারলির বাক্যের ও অন্ত স্বরে সর্পের বাক্যের অনুকরণ করিতে লাগিলেন; সখীগণ, তাহা অবগত হইয়া যুগপৎ কোতুক সমুদ্রে এবং আনন্দ সমুদ্রে মগ্ন হইলেন।

প্রথমতঃ শ্রীকৃষ্ণ, বিদ্যাবলির স্বর অবলম্বন করিয়া কহি-লেন—হে সর্পরাজ! কোথা হইতে আসিতেছ ?

দর্প স্বর। কৈলাদ হইতে—

বিদ্যাবলি স্বর। কাহার নিদেশে—

সর্প স্বর। চন্দ্রার্দ্ধ মোলির আদেশে

বিদ্যাবলি স্বর। সে আদেশ কি ?

দর্প স্বর। জটিলা পুত্র অভিমন্যুকে ভক্ষণ কর—

বিদ্যাবলি স্বর। অভিমন্ত্যুর অপরাধ কি ?

সর্প স্বর। কিছু নহে, কিন্তু তাহার মাতার ছুর্কাস। মুনিবরের নিকটে ছুইটি অপরাধ আছে

বিদ্যাবৃণি স্থর। অভিমন্ত্যুর মাতাকে কেন দংশন করিলে নাং

সর্প স্বর। বিযানল অপেক্ষা অতীব তীত্র পুত্র-শোকা-নলের তীত্রদাহ অনুভব করাইবার জন্ম তাহাকে দংশন করি নাই।

বিদ্যাবলি স্বর। অভিমন্থাকে ত্যাপ করিয়া তাহার জায়াকে দংশন করিলে কেন ?

সর্প স্বর। ছর্কাসা মুনিবরের বরে পরম সাধ্বী রাধার প্রভাবে, তাছার পতি অভিমন্তার কোন বিদ্ন হয় না, একারণ তাহার জায়াকে দংশন করিয়া সর্বাত্যে জীবন হীন না করিলে অভিমন্ত্যর মরণ হইবে না, বলিয়া অদ্য শ্রীরাধাকে দংশন করিলাম, আগামী কালি প্রভাতে অভিমন্তাকে দংশন করিব, রদ্ধা জটিলার পুত্রশোকে এবং নিরূপমা পুত্রবধূর শোকে শেষ আয়ু ষাহাতে দগ্ধ হয় তাহাই করিব।

বিদ্যাবলি স্বর। হে সর্পেক্ত! হর-স্বরূপ-ছর্কাদার নিকট জরতীর কি অপরাধ হইয়াছে ?

সর্প হার। ছার্কাসার জন্ম যে শভ্র অংশে, সেই শভ্র ইউদেব-নক্ষমন্দনে র্দ্ধা, মিথ্যা কলঙ্ক আরোপন করে, এবং নিজ বধু নিরোধ করিয়া আজি তাঁহার ভোজনে বাধা দিয়াছে, এই ছাই অপরাধে পুত্র বধু ও পুত্রশোকে ব্রজপুরে নিজ কথার সহিত সর্বকাল রোদন করুক 1

ইহা শুনিয়াই ব্হন্ধা, ফুৎকার করিয়া কাঁদিয়া উঠিলেন, এবং কাঁদিতে কাঁদিতে কহিতে লাগিলেন—"হা পুত্র! হা প্রাণসমে! স্কুষে! তোমরা চিরায়ু হইবে, ইহা কি আর আমি শুনিতে পাইব," ইহা বারে বারে বলিয়া পরে কহিলেন—"হে বিদ্যাবলি! আমি তোমার চরণে ধরি, সর্প রাজে প্রদন্ম কর, কথনও বধুকে রোধ করিব না, বধু নন্দালয়ে গমন করিয়া রন্ধন করিয়া প্রতি দিন শ্রীকৃষ্ণে ভোজন করাইবে, এবং পাকান্তে আমার বধু আমার গৃহে আসিবে, আমি ফুর্ফাসা মুনিবরে শত শত নমস্কার করিয়া কহিতেছি, "হে মুনিবর! আমার অপরাধ ক্ষমাত কর, আমি একে জরাতুরা বিদ্যা মন্দ বৃদ্ধি, তাহাতে আবার সর্বতে বাতুলী (পাগল) বিলিয়া বিশ্যাতা, আমার অপরাধ গ্রহণ করিও লা, সামার

এই কন্সা কুটিলা, বড় মন্দ বুদ্ধি, স্থালা-বধূকে সদা অকারণ যন্ত্রণা দেয়"।

মাতৃশক্য শ্রবণ করিয়া কুটিলা, ধরণী পতিত হইয়া
সর্প রাজের উদ্দেশে নমস্কার করিয়া শোক করিতে করিতে
কহিতে লাগিল, "হে সপেত্রি ! ক্ষমা কর, আমার ভ্রাতাকে
দংশন করিও না, বধুকে কদাপি রোধ করিব না, এবং
পরীবাদ দিব না, এখন অবধি যেয়ানে অভিলাষ হইবে, সে
খানেই বধু যাইবে।"

সর্প সর। "হে সমাগত গোপীগণ! তোমরা আমার বচন প্রবণ কর, আমি শস্তুর শপথ করিয়া কহিতেছি, প্রীরাধা পরম সাধ্বী"। (জটিলার প্রতি) "হে রদ্ধে জটিলে! আমি যেরপ শস্তুর শপথ করিয়া শ্রীরাধার সাধ্বীত্ব কহিলাম, এইরপ তুমিও তোমার পুত্রের মস্তকের শপথ করিয়া কহ,— "ইহাতে আমার সম্পূর্ণ বিশ্বাষ হইয়াছে"।

এই কথা শ্রবণ করিয়া জটিল। শপথ করিয়া কহিলেন, হে অহীন্দ্র'! তোমার বচনে আমার প্রগাঢ় প্রতীতি হই-য়াছে, আমি কথনই বধূকে রোধ করিব না, আমাকে তুমি এই বর প্রদান কর, আমার পুত্র ও পুত্রবধূ চিরজীবী হউক।

সর্প স্বর। অয়ি! জরতি! তোমার প্রতি এক্ষণে আমি
সম্পূর্ণ প্রায় হইলাম, তুমি ছুর্বাসা মুনিবরে পূজন করিয়া
ভোজন করাও, আমি সম্প্রতি রাধার অঙ্গ হইতে গরল গ্রহণ
করিয়া কৈলাসে চলিলাম, হে রুদ্ধে! যদি কৃষ্ণপরীবাদ নিজবধুকে প্রদান কর, তাহা হইলেও তোমার উপর আমি কোপ
করিব না, কিন্তু আজি যেরূপ রোধ করিয়াছিলে এইরূপ রোধ

যে দিন করিবে, সেই দিনই রোষ-বশতঃ তোমার পুত্র ও পুত্র বধুকে এক সময়ে দংশন করিয়া সংহার করিব।

বিদ্যাবলি স্বর। ভাঃ ভোঃ গোপিকাগণ! তোমরা পরমানন্দ লাভকর, সর্পরাজ, রাধাঙ্গ হইতে বিষ গ্রহণ পূর্বক অন্তর্হিত হইলেন, এবং র্যভানু নন্দিনীও নিরাময়া হইয়া-ছেন, ইহা বলিয়া কপাট উদ্বাটন করিলে সকলে গৃহাভ্যন্তরে প্রবেশ করিয়া শ্রীরাধিকাকে জিজ্ঞাসা করিলেন—''অয়ি! রাধে! এখন তুমি কেমন আছ ?''

শ্রীরাধা কহিলেন—এখন সম্পূর্ণ স্থন্থ ইইয়াছি, আর অমু-মাত্রও তাপ নাই, ইহা শুনিয়া বিদ্যাবলির চরণ যুগে সকলে প্রণাম পূর্বক স্তৃতি করিতে লাগিলেন,—"হে বিদ্যা বলে! তামার বিদ্যা ধন্যা,এবং কীর্ত্তি ধন্যা,এবং শ্রীরাধিকাকে জীবিত করিয়া প্রভূর পুশ্য লাভ করিয়া তোমার আয়ুঃ ধন্য ইইয়াছে।

তদনন্তর কুটিলা, নিজ জননীর কর্ণ সমীপে ধীরে ধীরে কহিল, "হে জননি! বিদ্যাবলিকে শ্রীরাধার হার পারি-তোষিক দেও," জটিলা কহিলেন—হে পুত্রি! কেবল হার কেন? শ্রীরাধার সমস্ত অলঙ্কার বিদ্যাবলিকে প্রদান করিতে হইবে, পরে শ্রীরাধাকে কহিলেন—"হে স্বুষে! তুমি প্রসম হইয়া নিজের সমস্ত অলঙ্কারগুলি ইহাকে স্বহস্তে পরাইয়া দেও, ব্রজেশ্বরী, ও তোমার জননী, অবিলম্বে অনেক আভরণ তোমাকে প্রদান করিবেন" ইহা শ্রীরাধিকাকে কহিয়া বিদ্যাবলিকে কহিলেন—হে বিদ্যাবলে! আমার বধু তোমাকে স্বহস্তে নিজের আভরণগুলি পরিধাপন করাইবে, তুমি "গ্রহণ করিব না," বলিয়া প্রত্যাধ্যান করিও না, নিরবে রহিও।

তাহার পর শ্রীরাধা স্বহস্তে বিদ্যাবলি-রূপি-রুষ্ণে বসন ভূষণ পরাইতেছেন, ও মনে মনে কহিতেছেন,—"যিনি প্রাণ-नमा नबी निर्गत्र नम् (थं वामा विमृतिष्ठ क्रिया आमारक দাক্ষিণ্যবতী করিতে পারেন নাই, অহো!!! সেই আমার প্রাণ-কোটি হইতেও পরম প্রিয়তম ব্রজরাজকিশোর শাশুরী ও ননদিনীর সম্মুখে নির্বিবাদে আমাকে অদ্য উপভোগ করি-লেন; আমি অদ্য বাম্য করিতে অবকাশ পাইলাম না, কেবল দক্ষিণা ছিলাম, যাহা হউক অদ্য আমার এই জন্মের সাধ পূর্ণ হইল; যেহেতু প্রিয়তমের চর্বিত তামুল মুহু-মুহ্ ভক্ষণ করিয়াছি, আমি যে শাশুরী ও ননদিনীকে এতদিন বৈরিনী জানিতাম, অদ্য তাঁহারা আমার প্রাণকান্তের পদে নিপতিত হইয়া তাঁহাকে নিজ গৃহে আনিয়া আমার সহিত মিলিত করাইয়া আমার বাঞ্ছা পূর্ত্তি করিয়াছেন, আমার সেই শ্রীযুক্তা শাশুরী ও ননন্দার চরণে অবিচ্যুতা ভক্তি যেন থাকে; আজি আমি রহোলীলার পশ্চাৎ শ্রীযুক্তা শাশুরীর আদেশে তাঁহার সম্মুখে প্রাণবল্লভে বিভূষিত করিলাম, হে ধন্য বিধে! আমি তোমাকে স্তুতি করিতেছি, অহো! এই পরম স্থার কথা কোথায় কাহার নিকট কহিব"।

বিদ্যাবলি অলক্ষারে হিছ্মিতা হইয়া গার্গী ও জটিলাকে কহিলেন—হে ভগিনি! হে আর্য্যে! রাত্রি নিশীথ হইতে অধিক হইয়াছে, এখন তোমাদের "কি নিদেশ পালন করিব" 'তাহা বল, হে আর্যাে! শীঘ্রেই আমরা ছাই ভগিনী গ্রহে যাইব,

. •জটিলা কছিলেন—হে গার্গি! হে বিদ্যাবলি! তোমরা

ইঠু করিয়া এত রজনীতে কিরুপে নিজ গৃহে যাইবে; আমার গৃহে হথেনিদ্রা যাও।

গার্গী কহিলেন—জটিলে অবশ্রুই ভোষার বচন পালন আমরা করিব; আমাদের চিত্ত হইতে থল সর্প জাতির বিষ গন্ধ সম্ভাবনা এখনও বিদূরিত হয় নাই, অর্থাৎ, কৃষ্ণ ভূজঙ্গ দক্ষীন্থাকে বিষ-বিক্রম নিক্ত হইয়াও পুনরুখিত হইয়া থাকে; অতএব মাস্ত্রিকের নিকটে থাকা প্রয়োজন।

কন্মার সহিত মিলিত হইয়া জটিলা কহিলেন—"হে গার্গি! মন্ত্রবিজ্ঞা বিদ্যাবলি বলভীর উপরি বধুসহ কুস্থম শয়নে অদ্য শয়ন করুক"।

জটিলার নিদেশে বিদ্যাবলি-রূপি-শ্রীকৃষ্ণ, রাধাসহ বেল-ভীর উপরি কুস্থম শয়নে বিচিত্র বিবিধ বিলাদে যামিনী যাপন করিতে লাগিলেন।

> इत्थं विलासरसिकी रत-सिन्धु चारु-हिल्लोल-खेलन-कलाः किल तेनतु स्ती। प्रेमान्धि-कौतुक-महिष्ट-तरंग-रंगे सख्यः सुखेन ननृतु ने विराममापुः।

এই প্রকারে বিলাস রসিক রাধাকৃষ্ণ, রতসিষ্কুর চারু হিলোলে খেলন কোশল বিস্তার করিলেন, এবং প্রেমসাগরের মহা কোতৃক তরঙ্গ রূপ রঙ্গস্থলে সখী সকল নাচিতে লাগি-লেন, তাঁহারা সেই নৃত্য হইতে বিরত হইলেন না।

ইতি চন্দংকার চক্রিকায়াং ভৃতীয় কুতূহলং।

ত্রীচমৎকার চন্দ্রিকা।

---0:*:C---

চতুর্থ কুতৃহল।

একদিন শ্রীরাধিকা মহামানিনী হইলেন, শ্রীহরি সামাদি বছবিধ উপায় অবলম্বন করিয়াও কোন প্রকারে প্রসন্ম করিতে পারিলেন না। পরে নিজ ভাতৃজায়া কুন্দলতার সহিত নিভতে মন্ত্রণা করিয়া বসন ভূষণ পরিধান করিয়া নারীবেশ ধারণ পূর্বক কোকিল বিনিন্দিত মঞ্জুম্বরে কথা কহিতে কহিতে জটিলা গৃহাভিমুখে গোপনে চলিলেন। চলিয়া যাই-বার সময় শ্রীচরণে ভূবনমোহন মণি-নূপুর বাজিতে লাগিল, শ্রীর্যভাত্মনিদিনী, দূর হইতে কুন্দলতার সঙ্গে অপরূপ রূপদী রমণীকে দেখিয়া মোহিত হইলেন, এবং অদৃষ্ট চর অদ্ভূততম সৌন্দর্য্য দেখিয়া আলীর্ন্দও বিশ্বিত হইলেন।

শীরাধিকা কুলন্দতাকে হর্ষভরে কহিলেন, হে কুন্দলতে ! আইন আইন, অন্য অকস্মাৎ অসময় কি জন্ম আদিলে, তোমার সঙ্গিনী এ রমণী কে ? এবং কোথা হইতে আদিয়াছে ? ইহার নামই বা কি ? তাহা বল।

কৃন্দলতা কহিলেন—হে রাধে! ইঁহার নাম কলাবলী, তোমার গুণ কীর্ত্তি প্রবণ করিয়া মথুরা হইতে এখানে আসিয়াছেন, গানের দ্বারা বৃহস্পতিকেও ইনি জয় করিতে পারেন: অধিক কি বলিব, তুমি গান করিয়া ইঁহার প্রণ স্বয়ং অবৃগত হও। শীরাধা। স্থি! কুন্দলতে ! ইনি গান বিদ্যা কাহার নিকট শিথিয়াছেন ?

কুন্দ। সথি! রাধে! দেবরাজ ইল্রের গুরু রুহম্পতির নিকট

শ্রীরাধা। ইনি কোথায় তাঁহার দর্শন পাইলেন ?

কুন্দ। জ্রীরাধে ! রুহস্পতি, মাধুর বিপ্রগণের আঙ্গিরস # দত্তে অমরপুরী হইতে আদিয়া একমাদ পরমাদৃত হইয়া মপুরা নগরীতে বাস করিয়াছিলেন, সেই সময় এক দিন সভামধ্যে একটি গান করিয়াছিলেন, হে স্থি! রাধে! এই মেধাবতী দেই তুরুহ গীত ধারণা করিয়া পর দিন কোন রহঃস্থলে সেই স্বরে সেই তাল মানে গাম করিতেছিলেন, অমরগুরু শুনিয়া বিশ্মিত হইয়া এক জন মাধুর ত্রাহ্মণে কহিয়াছিলেন,—''হে বিপ্র! এই রমণী অতি তুর্গম স্বর্গীয় গান একবার শুনিয়া ধারণা করিয়াছে, অতএব ইহাকে আমার নিকট আনয়ন কর," রহস্পতির আজামুসারে ইহাঁকে সেই বিপ্র তাঁহার নিকটে লইয়া যাইলে তিনি কহিয়াছিলেন—"হে ধীমতি! তোমার অনুপনা মেধা, এবং পিকালি বিজয়ী কণ্ঠ, অতএব তোমাকে আমি গান্ধৰ্ব-বিদ্যা শিক্ষা করাইব; অহো! তোমার মত कर्छ, ও বৃদ্ধি, সমুষ্যদিগের নাই, অধিক কি কিমরীদিগেরও नाई।

রহস্পতি এক মাস মধুপুরীতে ইহাকে সঙ্গীত অধ্যয়ন করান, এবং অমর নগরে প্রয়ান সময়ে ইহাকে সঙ্গে লইয়া গিয়া

শ্রীষ্ত্রাগবতের ১০নি ক্লব্রে ২৩ অধ্যারে এই অদিরস সজের উপাধ্যান আছে।

তথার এক বংসর গানবিদ্যা শিক্ষা প্রদান করেন। ইনি অবনীমগুলস্থ মধুপুরীতে গত কল্য আদিরাছেন, অদ্য সায়ং-কালে ত্রত্বে আদিরাই তোমার নিকট আগমন করিলেন; এখন তুমি ইহার গুণ প্রীক্ষা কর।

শ্রীরাধা কহিলেন—হে ভাবিনি! কিছু গান কর,

কলাবলি কহিলেন—হে রুন্দাবনেশ্বরি! কোন রাগ গান করিব।

জীরাধা। প্রদোধে মালব রাগ গেয়,

কলাবলি। হে হৃম্থি! কোন স্বর, ও কোন শ্রুতি গান করিব তাহা আদেশ কর,

শ্রীরাধা। হে স্থলরি! বাত কফাদি দোষ বশতঃ কঠে শুদ্ধা শ্রুতি গান হয় না, কেবল বীণায় শ্রুতি শুদ্ধরূপে গান হইতে পারে, এই হেড়ু রাগ তান গমক স্বর জাতি তাল ও গ্রামের সহিত মধুর একটি গান কর।

কলাবলি কহিলেন! হে রাধে! ভূমি বিনা ইহ জগতে গান বিদ্যা কৈ জানে? অতএব মিলিত শুতি গান করিতেছি শুবণ কর, ইহা বলিয়া ''তা-না-ন-না-ত-ন-ন'' বলিয়া কেকি ও অলিব্ৰন্দ নিশ্দি কণ্ঠস্বরে, গান করিতে লাগিলেন।

সেই গান রীতি ভাবণ করিয়া শ্রীরাধার প্রিয় স্থীর্ন্দের
নয়ন হইতে অঞা নিঃস্ত হইয়া নদী প্রবাহের আয় চলিতে
লাগিল, মধ্য সময়ে অঞাপাত বিবৃত্তি হইল, শেষ সময়ে অঞা
করকা (শীল) হইয়া নয়ন হইতে ক্ষিতি পৃষ্ঠে ঠনৎ ঠনৎ শব্দ
করিয়া পতিত হইতে লাগিল, এবং শ্রীয়াধার মান-মন্থলিতহলয়-য়পঃ অতিকঠোর-হীরক-মণিও দ্রবীভূত হইয়া গৈল,

তিমিনিত শ্রীরাধা অতি বিশ্বয়ান্বিত হইয়া কহিলেন—''অয়ি কলাবলে! তোমার এই গান স্থরপুরের স্থাকেও নিন্দা করিত্তিছে। হে কলাবলি! ''তোমার গুণে আমি মােহিতা হইয়াছি, আমার মনে বড়ই সাধ হয়, তোমার মত গুণিনী রমণী আমার নিকটে সর্বদা থাকে" তাহা হইলে, আমার এই জন্ম সকল হয়, হে গুণিনি কলাবলে! তোমার এই গুণের মহিমা গুণিবর-শ্রীনন্দনন্দনই বুঝিতে সমর্থ, হে স্থি! তিনি যদি তোমার এই গান শ্রবণ করিতেন, তাহা হইলে তোমাকে নিজ কণ্ঠতটে হার করিয়া গ্রহণ করিতেন।

কুন্দলতা কহিলেন, হে রাধে! পরম-সাধ্বী কলাবলীকে এতাদৃশ অসদৃশ বচন বলিও না, যদি তোমার ইঁহার প্রতি স্নেহ হইয়া থাকে, তাহা হইলে তুমি স্বয়ং ইহাকে নিজ কণ্ঠতটে গ্রহণ কর, অন্যথা করিও না।

তাহার পরে বিদ্যাবলির গানে ও সৌম্য সৌন্দর্য্য সন্দশনে মোহিত হইয়া শ্রীরাধা পরার্দ্ধ মূল্যের পদক প্রদান
পূর্বক যেমন পরিরম্ভণ করিতে অভিলাধিণী হইলেন, সেই
সময় ললিতা শ্রীরাধার কানে কানে বলিলেন, হে রাধে!
কাহাকে আলিঙ্গন করিতে উদ্যত হইলে, এই তোমার সেই
ধ্রুষ্ট নাগর, রমণীবেশে আসিয়াছে।

শীরাধিকা কহিলেন, "হে সথি! ললিতে! হে বরবর্ণিনি! তুমি বিচার করিয়া সত্য সত্যই কহিয়াছ, কেবল পদক মাত্র দানে ইঁহার সমুচিত সন্মান হইবে না, অতএব সকল আভরণ প্রদান করিতে হইবে" তাহার পরে শীরূপমঞ্জরীকে কহিলেন, হে রূপমঞ্জরি! আমার সমুখে ইঁহাকে প্রয়ত্ন পূর্বক বিচিত্র

বসন পরিধাপন করাও, এবং পুরাতন কঞ্ক উদ্যাটন করিয়া ইহার তুঙ্গ পয়োধর যুগলে, নবীন কঞ্ক পরিধাপন করাও।

কৃদ্দলতা কহিলেন—হে স্থমুখি! রাধে! ইহার অঙ্গ উদ্যা-টন করাইও না, তাহা হইলে এই নবীনা বৈদেশিকী রমণী অত্যন্ত সঙ্কৃচিত হইবে, অতএব তোমার ইহাকে যাহা যাহা। প্রদান করিতে অভিলাষ হয়, তাহা প্রদান কর, ইনি গৃহে গিয়া পরিধান করিবেন, কিন্তু কখনই এখানে পরিধান ক্রিতে পারি-বেন না।

শ্রীরাধিকা কহিলেন—সথি কলাবলে! স্ত্রীসভায় স্ত্রীজাতি কথনই ভয় বা লজ্জা করে না, ইহা সর্ব্যদেশে অতি প্রসিদ্ধি আছে, সথি! তুমি আনন্দ শরণীতে অনুসরণ না করিয়া তাহাতে কেন স্বয়ং সংকোচ কণ্টক অর্পণ করিতে উদ্যত হইলে?

কলাবলি কহিলেন—হে রাধে! আমি মাল্য বসন আভরণ কিছুই গ্রহণ করিব না, হে মুগ্নে! আমি গায়কের কন্যা নহি ? তুমি যদিওলামার প্রতি প্রসন্ধা হইয়া থাক, তাহা হইলে এক-বার মাত্র একটি পরিরম্ভণ প্রদান কর, আমি তাহাতেই সমুফ হইব, আমাকে অন্য ধন লুকা বলিয়া জানিও না।

শীরাধিকা কহিলেন—হে সথি! কেন বাম্য করিতেছ ? বদন ভূষণ পরিধান কর,যদি ইহাতে অদন্মতা হও,তাহা হইলে আমরা বলপূর্বক পরিধাপন করাইব, তুমি একাকিনী, আমরা বহু রমণী, তোমার আমাদের ইচ্ছার বিরুদ্ধে বিদ্যমানই হই-বার দামর্থ নাই, ইহা বলিয়াই স্থীদিগকৈ কহিলেন, "হে স্থীগণ।" তোমরা সঁক্রাণ্ডে ইহাকে কঞ্ক পরিধাপন করাও",

ইহা শুনিবা মাত্র ছই সখী পৃষ্ঠের ও ক্ষন্ধের কঞ্লিকার বন্ধন উম্মোচন করিলেন, অমনি বক্ষঃস্থল হইতে হার্ছৎ কদস্ব-কুহুম নিপতিত হইল, জ্রীরাধা জিজ্ঞাসা করিলেন, হে দাসিগণ! কঞ্লী হইতে কি পতিত হইল, ইহা শুনিয়া জ্ঞীরপমঞ্জরী প্রভৃতি কিন্ধরীগণ, হস্ত তালি দিয়া হাঁসিতে লাগিলেন। শ্রীকৃষ্ণ, বক্ষংস্থল হইতে কিঞ্চিৎ অগ্রভাগ যাহার ছিন্নু, তাদৃশ কদম্ব কুমুম পতিত হওয়ায়, লঙ্জাবতী রমণীর অমুকরণ করিয়া বদনচন্দ্র অবগুণ্ঠন দ্বারা আহ্বত করিলে, ব্যভাতুনন্দিনী বিমুখী হইয়া শ্রীক্লঞে পশ্চাৎ ভাগে রাথিয়া উপবেশন করিলেন, শ্রীকুফের তদবন্থা বিলো-কন করিয়া সখী কুলও, বিমুখ হইলেন, এবং তাঁহারা নাগরের তাদৃশ বিস্থাকতা দেখিয়া সমুদিত হাস্ত নিবারণের নিমিত্ত, নিজ নিজ বদন, বসন ছারা চাপিয়া রাখিলেও সশব্দ হাস্ত নিবারণ করিতে পারিলেন না। শ্রীরাধা ও নিঃশব্দে হাঁসিতে লাগিলেন, পশ্চাৎ কৃষ্ণ ও কুন্দলতা হাঁদিতে লাগিলেন। এমন কি ? তথায় মূহুর্ত কাল হাস্থা রদ যেন মূর্তিমান্ হইয়া আস্বাদনীয়তা প্রাপ্ত হইল।

তদনত্তর কদম্ব কুন্তমযুগলে সম্বোধন করিয়া সথীগণ কহিলেন, হে রহৎকদম্ব কুন্তমযুগল ! এই ভূমগুলে তোম-রাই ধতা ! যেহেডু তোমরা স্বতঃ কৈতব শৃত্য হইয়া ধূর্ত্ত সমাশ্রেয় করিয়া কৈতবসুক্ত হইয়াছিলে, অর্থাৎ তোমরা রক্ষের কুন্তম, কোন ধূর্ত্তা জাননা ? কিন্তু এই ধূর্ত্ত তোমাদিগকে নিজ বক্ষংছলে ধারণ করায় তোমরাভু রমশীর প্রোধররূপে দৃষ্ট হইয়া নিজ ধূর্ত্তা প্রকটন করিয়াছিলে ? তাহা হইলেও পরিণামে আমাদিগকে হাস্ত রস সাগরে নিমগ্র করিয়াছ।

পরে কুন্দলতাকে কহিলেন—হে কুন্দলতে! তোমার সহচরীর লজ্জা কোথায় গেল ?

কুন্দ নতা। পাতাল তলে সলীলে কুন্দলতার সহিত ভুবিয়া গিয়াছে ?

ললিতা। যদি কুন্দলতা নিজ সহচরীর লজ্জার সহিত ভূবিয়া মরিয়া থাকে, তবে তুমি কে ?

কুন্দ। আমি তাহার ছায়া,

লিতা। কুন্দলতে! ভোমাকে বিগত ছায়া দেখি-তেছি কেন !

কুন্দ। ইহার উত্তর দিতে আমার শক্তি নাই, তোমাদের বদনে বাগেদবী নৃত্য করিতেছেন ?

ললিতা। হে কুন্দলতে ! জন্মাবধি বৃহস্পতি শিষ্যার সহিত সপ্রেম সৎসঙ্গে, তোমার জিহ্বার মিথ্যা বাক্যের সহিত পরিচয় নাই, তুমি সাধ্বীগণে স্বধর্ম অধ্যায়ন ক্রাইয়া অতকু * কর্ম করাইয়া থাক, তথাপি বাঞ্চা পূর্ত্তি হইল না, বলিয়া দারুণ ব্যথা সহন করিতে হইল ?

স্থি কৃদলতে! আজি তুমি আমাদের স্থী-সভারপআপনে (হট্টে) দূর হইতে বিবিধ যত্নে বিদ্যা আনিয়া বিক্রয়
করিতে আদিয়াছিলে, হায়! হায়!! এ হাটে তোমাদের সে
বিদ্যা বিকাইল না বলিয়া হাস্তাম্পদী ভূতা হইলে, আজ
ভোমরা বড়ই অশুভক্ষণে ঘরের বাহির হর্ময়াছিলে?

^{• 🕯} अठ्य-अन्तर, ७ मनन ।

কুন্দলতা কহিলেন,—হে ললিতে আমি যদি এই আপনে (হাটে) আমার বিদ্যা বিক্রেয় করিয়া অভিলমিত লাভ করিতে পারি, তাহা হইলে কঞ্চলী তোমার দিতে হইবে, নচেৎ আমি দিব, এই পণ থাকিল।

ললিতা কহিলেন,—অয়ি কুন্দলতে ! শুষ্ক প্রদূন, কথন কোরকতা প্রাপ্ত হয় না, প্রাণ যাইলে, দেহ কোন কার্য্য করিতে পারে না, দান্তিক ব্যক্তি বিদিত তত্ত্ব হইলে পূজা পায় না, (কৃষ্ণের প্রতি) হে স্বামিন্ ! আর প্রতিভা প্রকা-শের প্রয়োজন নাই এখন প্রস্থান করিতে আজ্ঞা হউক।

তদনন্তর শ্রীকৃষ্ণ, পতিত কদম্ব কুত্ম দ্বর গ্রহণ করিয়া
নিজ বক্ষঃস্থলে ধারণ পূর্বক জটিলা গৃহে গমন করিলেন।
তথার যাইয়াই ভূমিতলে পতিত হইয়া এতাদৃশ উচ্চঃস্বরে
করুণ বিলাপ করিতে লাগিলেন, তাহা দ্বারা জটিলা আকুলা
হইয়া থেদ করিতে করিতে আসিয়া জিজ্ঞাসা করিলেন,—হে
পুত্রি! ভূমি কেন্টু কি জ্ঞা,রোদন করিতেছ ? কোথা হইতে
আসিতেছ ৯ এই সকল কথা আমাকে ব্লু, এবং জোচন জলে
মলিন মুখকমল মার্জন কর,

কলাবলি কহিলেন। হে আর্য্যে কি কহিব, কিছু কহিতে পারিতেছি না, আমি অতি অভাগা, আমার জন্ম ধিক, আমার তমুধিক্, আমার আআয় ধিক্ ধিক্, ইহাই কাঁপিতে কাঁপিতে অর্দ্ধ অর্দ্ধ অন্যুট স্বরে বলিয়া কহিলেন—হে আর্য্যে! আমার বাস ব্যভাস ভূপনগরে, আমি শ্রীরাধার জননী কাঁর্ত্তি-'দার ভগিনীর ক্যা; রাধার সহিত বাল্যকাল হইতে আমার স্থাতি, আমি বহুদিন পরে নিজ গৃহ হঁইতে উৎকণ্ঠায় ব্যাকৃল

হইয়া রাধিকাকে দেখিতে আদিলাম, রাধা আমার প্রতি
ফিরিয়া দৃষ্টি নিক্ষেপ করিল না, কিছু বলিল না, আমাকে
আলিঙ্গন করিল না, আমাকে দেখিয়া একবার কিঞ্চিৎ হাস্থও
করিল না, এবং আদর করিয়া কুশল প্রশ্ন জিজ্ঞাসাও করিল
না, আমার আজন্ম স্থক্ত রাধা যখন আমায় অনাদর করিল,
তথন আমার এই প্রাণে প্রয়োজন নাই, হে আর্য্যে! আমি
তোমার সন্মুখে তন্ত্ত্যাগ করিব, আর্য্যে! তুমি বিচার পূর্বক
অবধারণ কর আমার কোন্ দিন রাধার নিকট কি অপরাধ
হইয়াছে, এবং শ্রীরাধাকে শপথ দিয়া জিজ্ঞাসা কর আমার
প্রতি অকারণ কোপ করিল, কেন ?

জটিলা, কলানিধির তাদৃশ করুণ স্বরে দ্রবীভূত হুদ্যা হইয়া কহিলেন—হে বৎদে! তুমি আখন্তা হও, তোমায় দেখিয়া বোধ হইতেছে, তোমার কোন অপরাধ নাই, আমি এখনই চলিলাম, সকল সমাধান করিতেছি, আমি প্রতিজ্ঞা করিয়া চলিলাম, তোমাকে যাহাতে রাধা স্নেছ করে, আমি তাহা করিছ, অবং তাহার দ্বারা তোমাকে আলিঙ্গন করাইব, তোমার সহিত তাহাকে আলাপ করাইব, এবং রজনীতে একত্রে তোমাদের ছই জনকে শয়ন করাইব। ইহা বলিয়া জটিলা নিজ বধু নিকেতনে গমন করিয়া ললিতাকে বহিলেন— "হে ললিতে অধ্না বধ্র এ কি স্বভাব হইল, তাহার পিড় নগর হইতে এই নিজ ভগিনী উৎকণ্ঠার সহিত দেখিতে আসি-গাছে, তাহাকে প্রীতির সহিত সম্ভাষণ করিলু না"। (শ্রীরাধার প্রতি) হে লুমে ! এ দেখ উহার নয়নজলৈ বসন ভিজিয়া যাইতেছে, ইহাকে দৈখিয়া আমার হৃদয় বড়ই ব্যথিত

হইতেছে, ইহার রোদন মলিন বদন বিলোকন করিয়া আমার হৃদয়ে করুণা উদয় হইতেছে, হে হৃচরিতে! হে সদ্গুণ-পূর্ণে! হে সুষে ইহার প্রতি করুণা করিয়া ইহাকে ভালরূপে আলিঙ্গন কর, এবং কুশল জিজ্ঞাসা কর, কিছু প্রিয়বচন বল, ইহার হৃদয়ের ব্যথা দূর হইয়া যাউক, তুমিও ইহার সহিত পূর্ব্বোক্ত ব্যবহার করিয়া প্রতি লাভ কর, এবং আমাকেও প্রতি কর।

শ্রীরাধা কহিলেন,—আর্য্যে! তুমি গৃহে গমন কর, যাহা আদেশ করিলে, আমি তাহাই করিব, আমি এখন শয়ন করিব, অতি বালিকা জনের র্থাবাদে তুমি পতিত হইও না, অল্ল বয়স্কা বালিকা সকল, অল্লদৃষ্টি, অল্লবৃদ্ধি, স্নতরাং ক্ষণে করে তাহাদের প্রদমতা ও জ্রোধ হইয়া থাকে, তাহাদের মধ্যে তোমার মত অপার বৃদ্ধি প্রামাণিকীদিগের আগমন করা উচিত নহে।

জটিলা কহিলেন—হে সুষে ! উত্থান কর, ইহার পর আরু কোন কথা কহিও না, আমার মাথার দিক্ত দিলাম, ভূমি নিজ ভগিনীকে কঠে গ্রহণ কর, ইহার সহিত একত্রে ভোজন কর, ও শরন কর, আমি ভোমার গুরুজন, আমার বাক্য লঙ্খন করিও না।

শীরাধা কহিলেন,—হে আর্য্যে! তুমি যদি প্রোঢ়ির সহিত আমাকে আদেশ করিলে, তথন আমি সত্য করিয়া কহিতেছি, এই রমণী, কুন্দলতাকে অত্যন্ত কটুতর বচন বলিণ য়াছে, তমিমিত সাধ বশতঃ ইহার বদন আমি বিলোকন করিব না, কিন্তু কুন্দলতার প্রতি অধুনা এ, যদি প্রসন্ন হয়, ভাহা হইলে আমি ইহার প্রতি প্রদন্ম হইয়া তুরি যে আদেশ করিলে ভাহা প্রতিপালন করিব।

কলাবলি কহিলেন—আর্য্যে! তোমার স্মুষা মিথ্যা কহি-ভেছে, কুন্দলতা আমাকে কটু বচন বলেন নাই, এবং আমি কুন্দলতার প্রতি কুপিত হই নাই।

শ্রীরাধা কহিলেন, কলাবলি ! তুমি প্রামাণিকী আর্য্যার
নিকট কেন মিথ্যা বলিতেছ ? যদি তুমি কুন্দলতার প্রতি
কোপ না করিয়া থাক, এবং যদি ইহার প্রতি প্রসন্মা থাক,
তাহা হইলে, আমাদের সকলের সম্মুখে কণ্ঠ গ্রহণ পূর্বক
ইহাকে আলিঙ্গন কর।

এই বাক্য শ্রহণ করিয়া কৃষ্ণ ও কৃন্দলতা নিরবে থাকিলে, মুগনয়না শ্রীরাধা কহিলেন, ছে আর্য্যে! তুমি বিচার করিয়া দেখ ''আমার এবং কলাবলির মধ্যে কাহার কথা মিথ্যা'' ইহারা ছই জন পরস্পারকে 'আলিঙ্গন করাইডেছে না কেন?

রুদ্ধা কহিলেন—কুন্দলতে! যখন সহর্ষে এ নারী, তোমাকে আলিঙ্গন করিল না, তখন ইহাতে কোন কারণ বিশেষ আছে, তাহাতে কিছু মাত্র সন্দেহ নাই, আমার বধ্ সত্যই বলিতেছে,—''তুমি সমাগতা রমণীর উপর প্রসন্ম নহ'' অয়ি! হুণীলে! হে কোন্দি! তুমি যাহাতে ইহার উপর প্রসন্ম হও, আমি তাহাই করিব, আমি তোমার মাননীয়া হইয়া অঞ্জলি বদ্ধ করিলাম, আমার মুখাপেকা করিয়া ইহাতে আলিঙ্গন করিতে আইস, ইহাতে আর কোন কথা বলিও না, আমার সন্তক্রের শপথ।

নি এই বাকা প্রবণ করিয়া কুন্দলতা মোনাবলম্বিনী হইয়া রহিলেন, তাহা দেখিয়া ললিতাদি সধীগণ কহিলেন—হে কুন্দলতে! আর্য্যা শপথ দিলেন, তাহাতে তোমার ভর নাই, এ কুবুদ্ধি তোমার হইল কেন! আইস, ইহাকে আলিঙ্গন কর, ইহা বলিয়া সকল সখী এবং জটিলা ও কুটিলা, হরি ও কুন্দলতাকে আলিঙ্গন করাইলেন, সে সময় যদি তথায় বদ্ধা জটিলা না থাকিতেন, তাহা হইলে আলিভতির হাজরস বিরত হইত না, তথাপি তাঁহারা বন্ধমারা বদন রোধ করিয়া নিঃশব্দে হাঁসিয়া হাঁসিয়া ঢলিয়া ঢলিয়া পড়িতে লাগিলেন।

তদনস্তর হন্ধা,নিজবধু জীরাধাকে কহিলেন—'হে সুষে! প্রথম নিজ ভগিনীকে প্রিয় কানে সন্তাষণ কর, এবং নির্বিধাদে পরিরন্তন কর" ইহা বলিয়া এক করে জীরুষ্ণ কর, এবং অন্য করে জীরাধা-কর ধারণ করিয়া উভয়ে আলিঙ্গন করাই-লেন। তাহাতে রাধারুষ্ণের আনন্দাশ্রু বিন্দু পুতিত হইতে লাপিল, তাহা দেখিয়া পুনরায় জটিলা কহিলেন—হে ভগিনিযুগল! এখন পরস্পরের পরিরন্তনে তোমাদের যে আনন্দাশ্রু বিন্দুবর্ষণ হইতেছে, তাহা তোমরা পরস্পরের বসনাঞ্চলের দারা দূর করিয়া পরস্পরে হুখী হও। এবং ভোজনান্তে এক শ্রায় শয়ন করিয়া প্রস্পরে হুখী হও। এবং ভোজনান্তে এক শ্রায় শয়ন করিয়া প্রাতির সহিত রজনী অতিবাহিত কর, আমি এখন চলিলাম, ইহা বলিয়া রন্ধা শয়ন করিতে গমন করিলেন, তাহার পর জীরুষ্ণ, প্রগল্ভতার সহিত স্থীদিগকে কহিলেন—ভোঃ ভোঃ হুখীগণ! আমার যে বিদ্যা বিগীত-তমতা প্রাপ্ত হইয়াছিল, এখন তাহাই বিক্রেয়

করিয়া অভিলয়িত লাভ করিলাম, স্নতরাং তোমরা আমার নিকট পরাজিত হইলে ?

ললিতা কহিলেন, হে রিদিক নাগর! সত্য সত্যই তুমি ভাতৃবধূ উপভোগ করিয়া অভিলয়িত লাভ ও প্রচুর পরিমাণে জয়লাভ করিয়াছ! এবং মর্য্যাদাভঙ্গ দ্বারা তোমাকর্তৃক অর্দ্ধোপভূক্তা কৃন্দলতার পূর্ণ মনোরধ হইতে যে কিছু অবশেষ আছে, তাহাও পূর্ণ করা হউক।

কুশলতা কহিলেন,—হে ললিতে! শুদ্ধ হালয় লাতা, ভগিনীকে, ও শুদ্ধ হালয় পিতা, তনয়াকে, কি আলিঙ্গন করেন না ? তোমাদের আপাদমন্তক অনঙ্গ-শরে ব্যথিত, তজ্জন্য নিজ সম জগৎ দেখিয়া-থাক ? এই-কথা অত্যন্ত কোধের সহিত বলিয়া দ্রুতবেগে গৃহের বাহিরে গমন করিলেন, তাহা দেখিয়া একে একে সমস্ত সখী, কুশ্লতাকে প্রসন্ম করিবার জন্য বাহিরে গমন করিলেন, কেবল মুব যুগলের (রাধারুক্তরে) রক্ষক এক মাত্র কুন্তম শায়ক থাকিল,

सञ्च विभङ्ग-कुटिलास्य-सरोज-सीधू माचन्मधुत्रत-बिलास-सुसौरमानि॥ संभाप्य जाल-बिबरेषु जुद्यूषु रेव भेष्ठालयः प्रतिपदम् प्रमदोर्मिपुर्ज्न॥

বহিঃস্থিত-প্রিয় সধীগণ, শ্রীরাধার ক্রেভঙ্গ বলিত কুটিল বদন সরোজের মধুপানে মন্ত মধুসূদনের বিলাস সোরভ প্রাপ্ত ইইয়া জাল বিবরে নয়ন নিহিত করিয়া প্রমানন্দ প্রোনিধির

ঞ্জিচমৎকার চক্রিকা"।

ক্রান্ত ভাসিতে প্রতিপদে ঘূর্ণিত হইতে নাগি-

ভিতি শীমবিশ্বনাথ চক্রবর্ত্তি ঠকুর মহাশর বিশ্বচিত শ্রীচমংকার চক্রিকারাং ক্রিপাবনাবভার শ্রীমদবৈত বংশু শ্রীতৃন্দাবনবাসি শ্রীরাধিকানাথ গৈগাসৃমি কত গৌড়ভাবান্তরিতায়াং চতুর্থ কুতৃহলং।
সমাপ্রীভেরং শ্রীচমংকার চক্রিকা।